মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছেরর এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মুল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগর প্রকল্পের সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ
১।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০৫ টি	০৪ টি	০১ টি	--	০২ টি	০৩ টি	৩৩% ২৯% ২৫%	০৩টি	২৫% ৩৩%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০৫টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	প্রকৃত বাস্তবায়নকাল
Investment Component for Vulnerable Group Development Programme প্রকল্প।	১৯৬২.৬৪	জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৮
শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) (১ম সংশোধিত) প্রকল্প	৬১১৩.২৫	জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৭
Generation Break-through: A multi-pronged approach to building healthy relationship for primary prevention for gender based violence and meeting SRHR needs for adolescent in Bangladesh।	৫৯৬.০০	সেপ্টেম্বর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৭
"পঞ্চাশ শয্যা বিশিষ্ট মহিলা ও শিশু ডায়াবেটিস , এন্ডোক্রিন এবং মেটালিক হাসপাতাল স্থাপন , উত্তরা, ঢাকা (১ম সংশোধিত)"।	**২৬০৭.৬৩**	জুলাই, ২০১৪ থেকে মার্চ-২০১৮
ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন নার্সেস হোস্টেল স্থাপন"	**১৫১৬.৫২**	জুলাই- ২০১৫ হতে জুন-২০১৮ ইং

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	**মেয়াদ বৃদ্ধির কারণ**
শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) (১ম সংশোধিত) প্রকল্প	শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিকমান সম্পর্কিত দলিল-এরযৌক্তিকীকরণ ও ইসিডি বিষয়ক স্টাডিসহ অন্যান্য কিছু

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
	কার্যক্রম সম্পন্ন না হওয়া টি৪৪৭১ অনুমোদিত টিপিপি অপেক্ষা , টি কেন্দ্র৫৮৩৮ প্রাথমিক শিক্ষা কেন্দ্রের স্থলে- শিশু বিকাশ ও প্রাক বছর বৃদ্ধি ফলে ১ উন্নয়ন সহযোগী কর্তৃক প্রকল্প মেয়াদ ,স্থাপন প্রকল্প ব্যয় বৃদ্ধি পাওয়ায় প্রকল্প সংশোধনকরার প্রয়োজন দেখা দেয়। সংশোধন প্রক্রিয়াসম্পন্নকরত সংশোধিত টিপিপি ৬৩৬৯৫৩. লক্ষ টাকা(জিওবি ৩৪৬ .৭৯ লক্ষ এবং প্রকল্প সাহায্য ২১৭২ .৭৪ লক্ষ টাকা) ব্যয় নির্ধারণপূর্বক জানুয়ারি , ২০১৪ হতে ডিসেম্বর , ২০১৭ মেয়াদে ১ বছর (৩৩.৩৩%) সময় ও ২১৭২.৭৪ লক্ষ টাকা (৫২.১৫%) ব্যয় বৃদ্ধিতে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৫ /০২/২০১৭ তারিখে অনুমোদিত হয়।মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গত ১৩ প্রশাসনিক ২০১৭/০৩/ অনুমোদন জারী করা হয়।
Generation Break-through: A multi-pronged approach to building healthy relationship for primary prevention for gender based violence and meeting SRHR needs for adolescent in Bangladesh।	প্রকল্পটি ৭৮৯.৪৭ লক্ষ টাকা প্রাক্কলনে ১ সেপ্টেম্বর, ২০১৩ হতে ৩০ জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নে গত ০১/০৬/২০১৪ তারিখে অনুমোদিত হয় । পরবর্তীতে প্রকল্পে র বেশ কিছু বিষয়ে সংশোধন প্রয়োজন হলে গত ২২/০৩/২০১৭ তারিখে সেপ্টেম্বর২০১ ,৩ হতে জুন২০১ ,৮ তারিখ নির্ধারণ করে ব্যয়বৃদ্ধি ব্যতিরেখে প্রকল্পটির ১ম সংশোধনী অনুমোদিত হয় । প্রশাসনিক অনুমোদন জারি হওয়ার পর গত ০২/০৪/২০১৭ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। প্রকৃত প্রকল্পটি ১ সেপ্টেম্বর , ২০১৩ হতে ৩০ ডিসেম্বর , ২০১৭ মেয়াদে বাস্তবায়নপূর্বক সমাপ্ত হয়।
“পঞ্চাশ শয্যা বিশিষ্ট মহিলা ও শিশু ডায়াবেটিস , এন্ডোক্রিন এবং মেটালিক হাসপাতাল স্থাপন , উত্তরা, ঢাকা (১ম সংশোধিত)”।	প্রকল্পটির মূল ডিপিপি ২৩৯৯.৫৯ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই, ২০১৪ থেকে জুন- ২০১৭ ইং পর্যন্ত মেয়াদের জন্য গত ২৬/০৬/২০১৪ তারিখে অনুমোদিত হয়। ১ম সংশোধনীর মাধ্যমে ২৬৩৩ .৬৩ লক্ষ টাকা প্রাক্কলনে জুন , ২০১৪ থেকে ডিসেম্বর , ২০১৭ পর্যন্ত মেয়াদ নির্ধারণ করা হয়। অর্থাৎ ১ম সংশোধণীর মাধ্যমে প্রাক্কলন বেড়েছে ২৩৪.০৪ লক্ষ টাক বা ৯ .৭৫% এবং মেয়াদ বেড়েছে ৬ মাস বা ১৬ .৬৬% । ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সংশোধনের মাধ্যমে মেয়াদ নির্ধারণ করা হয় জুলাই ২০১৪ থেকে মার্চ, ২০১৮, অর্থাৎ মেয়াদ বৃদ্ধি পায় ৯ মাস বা ২৫ % । নির্ধারিত প্রাক্কলন এবং মেয়াদের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন হয়নি, প্রাক্কলন ও মেয়াদ উভয়ই বৃদ্ধি পেয়েছে।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সুবিধাভোগীদের চাহিদা যাচাই না করা।	প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সুবিধাভোগীদের চাহিদা যাচাই পূর্বক প্রকল্প প্রণয়ন করা প্রয়োজন।
প্রকল্পের মূল কম্পোনেন্ট অনুযায়ী কর্যক্রমের জন্য নির্ধারিত সময় সম্পর্কে ধারণা না থাকা;	প্রকল্পের মূল কম্পোনেন্ট অনুযায়ী কর্যক্রমের জন্য নির্ধারিত সময় অনুযায়ী প্রকল্প মেয়াদ নির্ধারণ করা এবং নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন ও সে অনুযায়ী বাস্তবায়ন করা।
প্রকল্পের সময় বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধি পরিলক্ষিত হয়;	প্রকল্পের সময় বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধি বিষয়ে নিরুৎসাহিত করা প্রয়োজন।

ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন না করা;	প্রকল্পের সুষ্ট বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত প্রকল্প পরিচালকের ব্যবস্থা করা প্রয়োজন।
নিয়মিত অডিট সম্পন্ন না হওয়া;	আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে প্রকল্পে আর্থিক কার্যাবলী নিয়মিত অডিট করা।
বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিয়মিত মনিটরিং না করা;	প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত মনিটরিং নিশ্চিত করতে হবে।
প্রকল্পের কার্যক্রমকে ডাটা বেইজ কের সংরক্ষণ করা;	প্রকল্পের কার্যক্রমকে ডাটা বেইজ করে সংরক্ষণ করা যা পরবর্তিতে কাজে ব্যবহার করা যায় এবং ওভারল্যাপিং পরিহারে সহায়তা করে।
প্রকল্পের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাব দিহিতা অভাব;	প্রকল্পের সকল কাজের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত করতে হবে।

Investment Component for Vulnerable Group Development Programme সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৮)

১. প্রকল্পের নাম : Investment Component for Vulnerable Group Development Programme প্রকল্প।

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরী সহায়তা/সমীক্ষ) : বিনিয়োগ।

৩. অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/স্ব অর্থায়ন/ জেডেসিএফ/অন্যান্য) : জিওবি এবং WFP।

৩.১ উন্নয়ন সহযোগী : dlroWFood Programme (WFP)

৪. উদ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী:

৪১. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৪২. বাস্তবায়নকারী সংস্থা : মহিলা বিষয়ক অধিদপ্তর।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র: সা: WFP	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৩৮৮৮.৬৪	৯৭৬.০০	২৯১২.৬৪	-	জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৮	২২-০১-২০১৫	-	-

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।

৬। প্রকল্প এলাকা সংখ্যায় উল্লেখ করতে হবে:

বিভাগ	জেলা	উপজেলা
রাজশাহী	সিরাজগঞ্জ	বেলকুচি, চৌহালী
রংপুর	কুড়িগ্রাম	ভুরঙাগামারী,
ঢাকা	গোপালগঞ্জ, গাজীপুর	টুঙ্গীপাড়া, কালীগঞ্জ
সিলেট	সিলেট	গোয়াইনগাট
খুলনা	বাগেরহাট	শরণখোলা
বরিশাল	ভোলা	ভোলা সদর

৭। **পটভূমিঃ**

বাংলাদেশে WFP এর সহায়তায় Vulnerable Group Development (VGD) কর্মসূচী চালু করা হয়। কালক্রমে VGD কর্মসূচী এর সাথে উন্নয়ন কার্যক্রম যথা- মহিলাদের আয়বর্ধক কর্মসূচী, প্রশিক্ষণ ঋণ সুবিধা যুক্ত হয়েছে। এতে যথেষ্ট সফলতা অর্জিত হয়েছে। বিগত ২০১০ সালে থেকে VGD পুরোপুরি সরকারি সহায়তায় সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম হিসেবে পরিচালিত হয়ে আসছে। এরই ধারাবাহিকভাবে আলোচ্য প্রকল্পটি পাইলট প্রকল্প হিসেবে প্রস্তাব করা হয়েছে। পাইলট প্রকল্প থেকে বাস্তব জ্ঞান ও অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে ৭টি জেলার ৮টি উপজেলার ২১০০০ জন্য অতি দরিদ্র মহিলাদের দারিদ্রতা দূর করার জন্য নিরবিচ্ছিন্ন জীবিকার ব্যবস্থা করার লক্ষ্যে প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। দুটি পর্যায়ে কর্মসূচীটি বাস্তবায়িত হবে। প্রথম পর্যায়ে ২০০০ জন এবং ২য় পর্যায়ে ১৯০০০ জন অতি দরিদ্র মহিলাদেরকে এই আর্থিক সহায়তার আওতায় আনা হবে। এ লক্ষ্যে ৩৮৮৮.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৭.১। উদ্দেশ্যঃ

(১) অতি দরিদ্র মহিলাদের টেকসই জীবিকায়ন ব্যবস্থার মাধ্যমে তাঁদের খাদ্য নিরাপত্তার সংস্থান, সম্পদ সৃষ্টি এবং প্রবৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক ক্ষমতায়ন;

২) VGD ব্যবস্থাপনায় ইতোমধ্যে আহরিত অভিজ্ঞতা ও জ্ঞান ব্যবস্থাপনার মাধ্যমে এ ধরনের কর্মসূচি বাস্তবায়ন ও ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি; এবং

(৩) ২১০০০ অতি দরিদ্র মহিলাদের সহায়তা প্রদান।

৮। সংশোধিত এডিপি এর বরাদ্দ এবং অগ্রগতি

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি এর বরাদ্দ এবং অগ্রগতি				অর্থছাড়	প্রকৃত খরচ/অগ্রগতি			
	সর্বমোট	টাকা	প্র: সা: WFP	বাস্তত %		সর্বমোট	টাকা	প্র: সা: WFP	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৪-১৫	৪৬৬.৮৪						-	৪৬৬.৮৪	-
২০১৫-১৬	১০৭৩.২২						৯৩৮.০০	১৩৫.২২	-
২০১৬-১৭	২২০৫.৫৮						৩৮.০০	২১৭.৫৮	-
২০১৭-১৮	১৪৩.০০						-	১৬৭.০০	-
সর্বমোট	**৩৮৮৮.৬৪**	**৯৭৬.০০**	২৯১২.৬৪	১০০%		**১৯৬২.৬৪**	**৯৭৬.০০**	৯৮৬.৬৪	৫০%

৯। প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রমঃ

VGD কর্মসূচীভুক্ত ২১০০০ জন বিত্তহীন দুঃস্থ মহিলাদের টেকসই জীবিকায়নের ব্যবস্থা এবং তাঁদেরকে খাদ্য ও আর্থিক সহায়তা প্রদান।

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

১০। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকা)

নং	খাতসমুহ (ডিপিপি অনুযায়ী)	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন		মন্তব্য
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)	
১	২	৩	৪	৫	৬	৭
১	কর্মকর্তাদের বেতন	২০৩.০০	৩ জন	২০৩.৪৪	৩ জন	
২	স্থানীয় প্রশিক্ষণ ও কর্মশালা	১০১.৯০	২৫৪৩ জন	১০১.৯০	-	
৩	বিজ্ঞাপন ও প্রকাশনা	১০.০০	৪টি	১০.০০	৬টি	
৪	গবেষণা এবং শিক্ষা	৫০.০০	৪টি	৫০.০০	২ গবেষণা ও ৮টি মনিটরিং	
৫	অন্যান্য পরিচালনা ব্যয়	৫০.০০	থোক	৫০.০০	-	
৬	ভেইকেল লিজ	২৭.০০	১টি	২৭.০০	১	
৭	এনজিও প্যাকেজ সার্ভিস	১৭৯.৩০	১টি	১৭৯.৩০	৭টি	
৮	ক্যাস ট্যানেসফার (১ম)	৯০০.০০	৬০০০ পরিবার	৯০০.০০	-	
৯	ক্যাস ট্যানেসফার (২য়)	২২৫০.০০	১৫০০০ পরিবার	৩০০.০০	-	WFD কর্তৃক আর্থিক সহায়তা সময়মত না পাওয়া।
১০	কমিউনিটি ওয়ার্কার্স	১১৭.০০	২১০জন	১১৭.০০		
সর্বমোট (ক+খ):		**৩৮৮৮.৬৪**	**-**	**১৯৬২.৬৪**	**-**	**-**

১১। ক. মোট প্যাকেজ সংখ্যা (টিএপিপি/ডিপিপি) : প্রযোজ্য নয়।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য: প্রযোজ্য নয়।

১২। ঠিকাদার প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য : প্রযোজ্য নয়।

উন্নয়ন সহযোগী WFP এর প্রকিউরমেন্ট গাইড লাইন অনুযায়ী ক্রয় করা হয়েছে।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ নিয়মিত/অতিরিক্ত	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িতব প্রাপ্ত কিনা	
			হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
বিকাশ কীশর দাস অতিরিক্ত সচিব	জানুয়ারি ২০১৫ হতে ২ এপ্রিল ২০১৬	অতিরক্তি	হ্যাঁ	০২
মাহমুদা শারমিন বেনু অতিরিক্ত সচিব	৩ এপ্রিল ২০১৬ হতে জুন ২০১৮ পর্যন্ত	অতিরক্তি	হ্যাঁ	০২

১৪। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি **অনুসরন** করা হয়েছে:

- প্রকল্পের DPP পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন; এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

গ. প্রকল্প এলাকা পরিদর্শন সংক্রান্ত :

১৫। পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ :মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ীত Investment Component for Vulnerable Group Development Programme প্রকল্পের মাঠ পর্যায়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের জন্য গত ৯/৬/২০১৭ তারিখে আইএমইডি'র পরিচালক (সমাজ) কর্তৃক সিরাজগঞ্জ জেলায় সরেজমিনে পরিদর্শন করা হয়। আইএমইডি'র পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ/মতামত এর আলোকে মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি কে অবহিত করা হয়নি।

১৬। পরিদর্শনকৃত এলাকা তথ্য: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ীত Investment Component for Vulnerable Group Development Programme প্রকল্পের মাঠ পর্যায়ের বাস্তবায়ন অবস্থা পর্যবেক্ষণের জন্য গত ১৯-২০ সেপ্টেম্বর ১৮ তারিখে সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলা এবং ২১-২৩ গোপালগঞ্জ জেলা ও গাজিপুর জেলা জনাব মো: হেলাল খান,মূল্যায়ন কর্মকর্তা এবং জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, মহাপরিচালক কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে মহিলা বিষয়ক অধিদপ্তর জেলা ও উপজেলা কর্মকর্তা, WFP প্রতিনিধি, উপজেলা নির্বাহি কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যানসহ অন্যন্য সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত ছিল। পরিদর্শন কালে নি ম্নোক্ত বিষয়গুলো পরিবীক্ষণ করা হয়েছে;

- প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ বিষযাদি পর্যালোচনা;
- প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে পুষ্টি চাল প্রদান সংক্রান্ত বিষযাদি পর্যালোচনা;
- প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত বিষযাদি পর্যালোচনা;
- সুবিধাভোগীদের মতামত গ্রহণ; এবং
- বর্তমান অবস্থা পর্যালোচনা।

পরিদর্শনের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত সার্বিক অবস্থার বর্ণনা নিম্নে দেওয়া হলো:

১৭.০ প্রকল্পটির বাস্তবায়ন সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ :

সিরাজগঞ্জ জেলাঃ

"Investment Component for Vulnerable Group Development Programme" শীর্ষক প্রকল্পের বাস্তবায়নকাজ গত ১৯-২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে আইএমইডি'র কর্তৃক সিরাজগঞ্জ, গোপালগঞ্জ ও গাজিপুর জেলার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্পের WFP প্রতিনিধি, উপজেলা মহিলা বিষয় কর্মকর্তা এনডিপি এর সদস্যগণ উপস্থিত ছিলেন। সিরাজগঞ্জ জেলার বেলকূচি উপজেলার প্রায় ৯৯৯ জন মহিলাকে প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা প্রদান করা হয়। গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া উপজেলার প্রায় ৭৯৫ জন মহিলাকে প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা প্রদান করা হয়। গাজীপুর জেলার কালিগঞ্জ উপজেলায় প্রায় ৯৪২ জন মহিলাকে প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা প্রদান করা হয়। নির্বাচিত এসকল মহিলাদের ২৫ জনের দলে ভাগ করে তাদের নির্ধারিত অফিসে/ট্রেনিং সেন্টারে প্রশিক্ষণ প্রদান করা হয়।

সিরাজগঞ্জ জেলার বেলকূচি উপজেলার এমনই একটি দলের নাম ময়না দল উক্ত দলের মহিলাদের কাছে আলোচ্য প্রকল্পের মাধ্যমে কি কি সহায়তা পেয়েছে জানতে চাইলে তারা জানান যে, মহিলাদেরকে বিভিন্ন উদ্যাক্তা কোর্সে বিষযে ৫-৮দিনের প্রশিক্ষণ দেয়া হয়। যেমন- গরু পালন, ভেড়া/ছাগল, হাঁস-মুরগী, ব্যবসা ইত্যাদির উপর প্রশিক্ষণ দিয়ে তাদেরকে ১৫ হাজার টাকা করে অনুদান দেয়া হয়। উক্ত অর্থ দিয়ে মহিলারা গরু ক্রয় করেছে, দোকান দিয়ে ব্যবসা করছেন, চড়কা দিয়ে সুতা প্রসেস করে কাপড় বুনার কাজ করছে। এছাড়াও ৩০ কেজি করে পুষ্টি চাল দেয়া হয়। পুষ্টি চালের ভাত খেয়ে মহিলাদের

শরীরেরর পুষ্টির চাহিদা পুরণ হয়েছে। ফলে, মহিলাদের ছেলে-মেয়েদের পূর্বে চুলকানি, নাক দিয়ে সর্দি পরা এবং পেট খারাপ, ডায়রিয়া দূর হয়েছে।

এরকম বিভিন্ন ব্যবসায়ে অর্থ ব্যয় করে তারা অনেকাংশে স্বাবলম্বী হয়েছে। এখন তারা পরিবারের সিদ্ধান্ত গ্রহণে সক্ষমতা অর্জন করেছে। তারা তাদের ছেলে-মেয়দেরকে স্কুলে পাঠাচ্ছে। মেয়েদেরকে ১৮ বছরের নীচে বিয়ে দিচ্ছেননা। যৌতুকের বিরুদ্ধে সোচচার হয়েছে। পারিবারিক শান্তি অর্জিত হয়েছে। তারা প্রাথমিকভাবে হিসেব নিকেশ করতে পারছে। তবে তাদের উৎপাদিত পন্য সামগ্রী যেমন-কাপড় চোপর, ফসল ও সেলাই করা জামাকাপড় বিক্রির জন্য পরিবহন ও বাজারজাত করতে অসুবিধায় আাছেন।

প্রকল্প সংশ্লিষ্ট মহিলাদের নিয়ে প্রতি মাসে তাঁরা দলিয় আলোচনা সভা করে থাকে। এতে করে তাদের নিজেদের মধ্যে অভিজ্ঞতা শেয়ার সুযোগ সৃষ্টি হয় এবং সামাজিত বন্ধন বৃদ্ধি পায়। তারা উপজেলা ও জেলা পর্যায়ে জরুরি সেবা গুলো কি এবং কি ভাবে তা পাওয়া যাবে সে সম্পর্কে সচেতনতা ও ধারণা লাভ করেন।

প্রকল্পের মাধ্যমে পুষ্টি চাল সরবরাহ করা হয়। তাঁরা বর্তমানে পুষ্টি চাল পাচ্ছে না। ফলে, তাদের পরিবারের ছেলে-মেয়েদের পুষ্টির অভাব লক্ষ করা যায়। পুষ্টি চাল বাজারে না পাওয়ায় তারা সংগ্রহ করতে পারছে না।

এছাড়া প্রশিক্ষণ একটি চলমান প্রক্রিয়া। প্রশিক্ষণ বন্ধ হয়ে গেলে তাদের ব্যবসায়িক সহ বিভিন্ন কার্যক্রম বন্ধ হয়ে যেতে পারে মর্মে আশংকা করেছেন। তাই তারা যাতে নিয়মিত ফলো-আপ প্রশিক্ষণ ও পরামর্শ পেতে পারে সে ব্যবস্থা রাখা প্রয়োজন বলে মনে করেন।

উক্ত এলাকার ICVGD এর সহায়তা প্রাপ্ত মহিলা উদ্যেক্তারা উপকৃত হয়েছেন বলে এলাকাবাসী, ইউনিয়ন চেয়ারম্যান/মেম্বার, মহিলা বিষয়ক উপজেলা কর্মকর্তা জানিয়েছেন। এছাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা জানিয়েছেন উপজেলা প্রশাসন হতে ব্যাপকভাবে তদারকি করা হয়েছে। ফলে প্রকল্পের আওতায় প্রশিক্ষিত নারীরা আয়বর্ধনমূলক কাজে উৎসাহিত হয়েছে। একজন মহিলা সেলাই করে বিভিন্ন জামা-কাপড় বিক্রিকরে স্বাবলম্বী হয়েছে। অনেক নারীই একটি গাভী কিনে পরবর্তীতে ৩/৪টি গাভীর মালিক হয়েছেন। দুধ বিক্রি করে লাভবান হয়েছেন

সার্বিক পর্যবেক্ষণ সংক্রান্ত :

১৮। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা:** প্রকল্পের উদ্দেশ্য হলো -VGD ব্যবস্থাপনায় ইতোমধ্যে আহরিত অভিজ্ঞতা, জ্ঞান ও বাস্তবায়ন ও ব্যবস্থাপনার দক্ষতাকে কাজে লাগিয়ে VGD সহায়তা প্রাপ্ত ২১০০০ অতিদরিদ্র মহিলাকে ব্যবসায় ব্যবস্থাপনা দক্ষতার প্রশিক্ষণসহ আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে টেকসই জীবিকায়নের ব্যবস্থা। তাঁদের খাদ্য নিরাপত্তার সংস্থান, সম্পদ সৃষ্টি এবং প্রবৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করা। এ অন্তর্নিহিত লক্ষ্য, উদ্দেশ্য ও বাস্তব অবস্থা নিম্নরুপ:

টিপিপি/আরটিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন (পিসিআর)	সরেজমিনে পর্যবেক্ষণ ও মন্তব্য
অতিদরিদ্র মহিলাদের টেকসই জীবিকায়ন ব্যবস্থার মাধ্যমে তাঁদের খাদ্য নিরাপত্তার সংস্থান, সম্পদ সৃষ্টি এবং প্রবৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক ক্ষমতায়ন;	VGD আওতায় অতিদরিদ্র ৮০০০ মহিলাদের টেকসই জীবিকায়ন ব্যবস্থার মাধ্যমে তাঁদের খাদ্য নিরাপত্তার সংস্থান, সম্পদ সৃষ্টি এবং প্রবৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক ক্ষমতায়ন করা হয়েছে।	VGD আওতায় অতিদরিদ্র ৮০০০ মহিলাদের টেকসই জীবিকায়ন ব্যবস্থার মাধ্যমে তাঁদের খাদ্য নিরাপত্তার সংস্থান, সম্পদ সৃষ্টি এবং প্রবৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক ক্ষমতায়ন করা হয়েছে।
VGD ব্যবস্থাপনায় ইতোমধ্যে আহরিত অভিজ্ঞতা ও জ্ঞান ব্যবস্থাপনার মাধ্যমে এ ধরনের কর্মসূচি বাস্তবায়ন ও ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি; এবং	VGD ব্যবস্থাপনায় ইতোমধ্যে আহরিত অভিজ্ঞতা ও জ্ঞান ব্যবস্থাপনার মাধ্যমে এ ধরনের কর্মসূচি বাস্তবায়ন ও ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি করা হয়েছে।	VGD ব্যবস্থাপনায় ইতোমধ্যে আহরিত অভিজ্ঞতা ও জ্ঞান ব্যবস্থাপনার মাধ্যমে এ ধরনের কর্মসূচি বাস্তবায়ন ও ব্যবস্থাপনার সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি পেয়েছে।
২১০০০ অতি দরিদ্র মহিলাদের সহায়তা প্রদান।	সংশোধিত লক্ষ্যমাত্রা সংশোধিত লক্ষ্যমাত্রা VGD সহায়তা প্রাপ্ত ৮০০০ অতি দরিদ্র মহিলাদের সহায়তা প্রদান করা হয়েছে।	টিপিপি লক্ষ্যমাত্রা আনুযায়ী VGD সহায়তা প্রাপ্ত ২১০০০ অতি দরিদ্র মহিলাদের সহায়তা প্রদান করা

টিপিপি/আরটিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন (পিসিআর)	সরেজমিনে পর্যবেক্ষণ ও মন্তব্য
		থাকলেও WFP কর্তৃক সময় মত আর্থিক সহায়তা প্রদান করতে না পারায় লক্ষ্যমাত্রা ৮০০০ নির্ধারণপূর্বক সংশোধন করা হয়েছে। সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জন করা হয়েছে।

১৮.১। মূল লক্ষ্যমাত্রা অর্জণ না হওয়া: প্রকল্পটি ৩৮৮৮.৬৪ লক্ষ টাকা (জিওবি : ৯৭৬.০০ লক্ষ টাকা ও WFP: ২৯১২.৬৪ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। যা বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরি সহায়তায় বাস্তবায়নাধীন ছিল। বিশ্ব খাদ্য কর্মসূচি কারিগরিক সহায়তা প্রদান করলেও এ খাতে যে অর্থ ব্যয় হতো তার যোগান দেয় দাতা সংস্থা DFID। DFID তাদের প্রতিশ্রুতি হতে সরে আসায় ১৯.৫০ কোটি অর্থ না পাওয়ায় প্রকল্পের মূল কার্যক্রম ও লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করা সম্ভব হয়নি। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দাতা সংস্থার মধ্যে সমন্বয়ের অভাব লক্ষ্য করা যায়। ভবিষ্যতে সংশ্লিষ্টদের আরও যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

১৮.২। **অনুমোদন ও সংশোধন প্রক্রিয়া:** বর্ণিত প্রকল্পটির ডিপিপি'র উপর গত ৩০ সেপ্টেম্বর ২০১৪ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সুপারিশ অনুসারে প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি গত ০৬ জানুয়ারী ২০১৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৩৮৮৮.৬৪ লক্ষ টাকা (জিওবি : ৯৭৬.০০ লক্ষ টাকা ও WFP: ২৯১২.৬৪ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। বিশ্ব খাদ্য কর্মসূচি কারিগরিক সহায়তা প্রদান করলেও এ খাতে যে অর্থ ব্যয় হতো তার যোগান দেয় তাদা সংস্থা DFID। DFID তাদের প্রতিশ্রুতি হতে সরে আসায় ১৯.৫০ কোটি অর্থ না পাওয়ায় প্রকল্পের কার্যক্রম ও লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ফলে, প্রকল্প সংশোধনের মাধ্যমে লক্ষ্যমাত্রা সংক্ষেপ করা হয়। সে অনুযায়ী নির্ধারিত মেয়াদ জুন ২০১৮ এর মধ্যে বাস্তব অগ্রগতি সমন্বয় করে সংশোধিত ডিপিপি অনুমোদন করা হয়।

১৮.৩। সুবিধাভোগী নির্বাচন: উক্ত এলাকার VGD এর সহায়তা প্রাপ্ত মহিলাদের মধ্যে হতে এনজিও প্রতিনিধি কর্তৃক স্থানীয় সমাজকর্মীর মাধ্যমে প্রথমে মহিলাদের তালিকা তৈরি করা হয়। পরবর্তীতে উক্ত তালিকা হতে VGD এর শর্ত পূরণ করেছেন এমন অতি দরিদ্রের মধ্যে হতে অগ্রাধিকার ভিত্তিক নির্ধারণ করে বাছাই কমিটির মাধ্যমে নির্বাচন করা হয়। বাছাই কমিটির সদস্য হলেন-WFP, DWA, NGO, ইউপি সদস্য এবং UNO।

১৮.৪। আইএমইডি কর্তৃক ইতোপূর্বে পরিদর্শন ও সুপারিশ সংক্রান্ত : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত Investment Component for Vulnerable Group Development Programme প্রকল্পের মাঠ পর্যায়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের জন্য গত ৯/৬/২০১৭ তারিখে আইএমইডি'র পরিচালক (সমাজ) কর্তৃক সিরাজগঞ্জ জেলায় সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তাসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শন পরর্বতী প্রতিবেদনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি কে অবহিত করার নির্দেশনা থাকলেও তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিত করা হয়নি।

১৮.৫। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পন্ন সংক্রান্ত : প্রকল্পটি জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়িত হয়। ২০১৫-১৬ এবং ২০১৭-১৮ অর্থবছরের External Audit করা হয়েছে। গত ১৮/০৮/১৫ এবং ১৬/০৮/১৬ তারিখ অডিট সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয় জমা দেওয়া হয়েছে। এতে কোন আপত্তি পাওয়া যায়নি।

১৮.৬। **ডিপিপি পর্যালোচনা:** প্রকল্পটি টেকসই করার ব্যবস্থা কি হবে এবং প্রকল্প মেয়াদ শেষে প্রকল্পের মাধ্যমে অর্জিত সম্পদ ও ব্যবস্থাপনা কিভাবে পরিচালিত হবে, সে সংক্রান্ত কোন Exit plan ডিপিপি ছিল না। প্রকল্প সমাপ্তির পরে সুবিধাভোগীদের ফলো-আপ ট্রেনিং করা এবং ফলো-আপ মনিটরিং ব্যবস্থার কি হবে সে সংক্রান্ত কোন ব্যবস্থা উল্লেখ করা নেই। ডিপিপি প্রণয়ন কালে WBS/CPM/PERT অনুসরণপূর্বক ডিপিপি প্রণয়ন করা হয়নি যা প্রকল্পের একটি দুর্বল দিক।

১৯. প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:

ICVGD প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত নারীর টেকসই জীবিকায়ন ও অর্থনৈতিক ক্ষমতায়ন চিত্র। সিরাজগঞ্জ এর বেলকুচি উপজেলা।



ICVGD প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত নারীর টেকসই জীবিকায়ন ও অর্থনৈতিক ক্ষমতায়ন চিত্র। সিরাজগঞ্জ এর বেলকুচি উপজেলা।



ICVGD প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত নারীর টেকসই জীবিকায়ন ও অর্থনৈতিক ক্ষমতায়ন চিত্র।গাজিপুর এর কালিগঞ্জ উপজেলা।



ICVGD প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত নারীর টেকসই জীবিকায়ন ও অর্থনৈতিক ক্ষমতায়ন চিত্র। সিরাজগঞ্জ এর বেলকুচি উপজেলা।



ICVGD প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত নারীর টেকসই জীবিকায়ন ও অর্থনৈতিক ক্ষমতায়ন চিত্র। গাজিপুর এর কালিগঞ্জ উপজেলা।



ICVGD প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত নারীর টেকসই জীবিকায়ন ও অর্থনৈতিক ক্ষমতায়ন চিত্র। গাজিপুর এর কালিগঞ্জ উপজেলা।



২০। সুপারিশ :

২০.০১ টেকসই জীবিকায়ন ব্যবস্থার মাধ্যমে খাদ্য নিরাপত্তা সংস্থান, সম্পদ সৃষ্টি এবং প্রবৃদ্ধির মাধ্যমে নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্পটি কার্যক্রম ইতিবাচক বিবেচনায় এধরণের কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখা প্রয়োজন;

২০.০২ প্রশিক্ষণ একটি চলমান প্রক্রিয়া। প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীদের মনিটরিং ব্যবস্থা, কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় সহায়তা এবং রিফ্রেসার্স প্রশিক্ষণের ব্যবস্থা রাখা প্রয়োজন। প্রশিক্ষণ বন্ধ হওয়ায় প্রকল্পের সুবিধাভোগীদের ব্যবসা সহ বিভিন্ন কার্যক্রম বন্ধ হয়ে যেতে পারে মর্মে আশংকা করছেন। সেহেতু যাতে নিয়মিত ফলো-আপ প্রশিক্ষণ ও প্রয়োজনীয় পরামর্শ পাওয়ার বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;

২০.০৩ প্রকল্পের মাধ্যমে সরবরাহকৃত পুষ্টি চাল দরিদ্র পরিবারের পুষ্টি চাহিদা পূরণ করতে সহায়ক হয়েছে। ফলে, পরিবারের সকল সদস্যদের নানাবিধ রোগ হ্রাস পেয়েছে। কিন্তু প্রকল্প সমাপ্তির পরে পুষ্টি চাল সরবরাহ বিষয়টি কি হবে সে সম্পর্কে কোন ব্যবস্থাপনা না থাকায় পুষ্টি চাল প্রাপ্তির সমস্যা লক্ষ্য করা যায় এ বিষয়ে সংশ্লিষ্টদের আগামীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;

২০.০৪ ICVGD প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণের জন্য নির্বাচিত ট্রেডগুলো চাহিদার ভিত্তিতে নির্ধারণ করা প্রয়োজন। উৎপাদিত পণ্য যাতে সহজে পরিবহন ও বাজারজাত করা যায়, তার যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২০.০৫ সংস্থা/মন্ত্রণালয়কে নতুন কোন প্রকল্পে ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে WBS/CPM/PERT অনুসরণপূর্বক ডিপিপি প্রণয়ন করাসহ Exit Plan উল্লেখ করতে হবে;

২০.০৬ ভবিষ্যতে দাতা সংস্থার সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয় বৃদ্ধি করা আবশ্যক;

২০.০৭ সংস্থা/মন্ত্রণালয়কে ICVGD প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা প্রদান সংশ্লিষ্ট ডাটা বেইজ সংরক্ষণের ব্যবস্থা রাখতে হবে;

২০.০৮ ভবিষ্যতে প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রকৃত আগ্রহী, উদ্যমী, বেকার, অতিদরিদ্র নারীদের অগ্রাধিকারের ভিত্তিতে যথাযথ ভাবে নির্বাচন করতে হবে;

২০.০৯ সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে ওভারল্যাপিং পরিহার করে পরিকল্পিত ব্যবস্থাপনার মাধ্যমে এধরণের কার্যক্রম টেকসই

(sustainable)করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প কর্তৃপক্ষকে আগামীতে যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২০.১০ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৭)

১. প্রকল্পের নাম : শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত)।

২. প্রকল্পের ধরন : বিনিয়োগ

৩. অর্থায়নের উৎস:

৩.১ **অর্থায়নের উৎস**
(জিওবি/ প্রকল্প সাহায্য/স্ব অর্থায়ন/ ইউনিসেফ
জেডেসিএফ/অন্যান্য)

৩.২ উন্নয়ন সহযোগী: ইউনিসেফ এর আর্থিক সহায়তা

৪. উদ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী:

৪১. **উদ্যোগী মন্ত্রণালয় ও বিভাগ: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ শিশু একাডেমী

৫. (ক) প্রকল্পের অর্থায়ন, বাস্তবায়ন কাল, অনুমোদন ও সংশোধন সংক্রান্ত: (লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ ও কতৃপক্ষ	* পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য (নিজস্ব)			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৪১৯৬.৭৯	৩৪৬.৭৯	৩৮৫০.০০	-	১ জানুয়ারি ২০১৪ থেকে ৩১ ডিসেম্বর ২০১৬	১৯/০৮/২০১৪ খ্রি: পরিকল্পনা মন্ত্রী	-	-
সংশোধিত (১ম)	৬৩৬৯.৫৩	৩৪৬.৭৯	৬০২২.৭৪	-	১ জানুয়ারি ২০১৪ থেকে ৩১ ডিসেম্বর ২০১৭	১৫/০২/২০১৭ খ্রি: পরিকল্পনা মন্ত্রী	+৪৫.৬৬ %	+৩৩.৩৩%

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল: *(লক্ষ টাকায়)*

ক্র নং	খাতসমুহ (ডিপিপি অনুযায়ী)	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত ডিসেম্বর ২০১৭	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)
১	২	৪	৫	৬	৭
১	কর্মকর্তাদের বেতন	৬০.৪৪	৪	৫৪.৭৫	৪
২	কর্মচারীদের বেতন	৩৩.৯২	৬	৩৩.৮৭	৬
৩	বাড়ী ভাড়া	৮.৮৮	১	৮.৫৬	১
৪	উৎসব ভাতা	১০.৬১	১০	৯.৯৪	১০
৫	অন্যান্য ভাতা (ডেপুটেশন চার্জ, মেডিকেল, ডিএ এবং অন্যান্য)	৮.৭৫	১০	৩.২৯	১০
৬	অন্যান্য ভাতা (প্রকল্প সমাপনান্তে সুবিধা)	১৮.৫০	৯	৬.৯১	৩
৭	ভ্রমন ভাতা	১৩.৩০	থোক	১২.১৭	থোক
৮	অতিরিক্ত কাজের ব্যয়	৩.২৬	থোক	২.৭৬	থোক
৯	অফিস ভাড়া	১৭.৬৭	থোক	১৬.২২	থোক
১০	ডাক ও কুরিয়ার	৫.০২	থোক	২.০২	থোক

ক্র নং	খাতসমুহ (ডিপিপি অনুযায়ী)	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত ডিসেম্বর ২০১৭	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)
১	২	৪	৫	৬	৭
১১	টেলিফোনমোবাইল/ফ্যাক্স/ ও ইন্টারনেট	৫.৭৫	থোক	৩.৯৯	থোক
১২	রেজিষ্ট্রেশন/ফিটনেস/ ট্যাক্স/টোকেন ও অন্যান্য	৫.০৬	থোক	১.৯৭	থোক
১৩	পানি গ্যাস/	৮.৯৫	থোক	৬.৯৫	থোক
১৪	বিদ্যুৎ	৮.৮৭	থোক	৮.৮৬	থোক
১৫	জ্বালানি ও লুব্রিক্যান্ট	২২.৯৯	থোক	২২.৯৩	থোক
১৬	বীমা ও ব্যাংক চার্জ	১.৫২	থোক	০.৯৮	থোক
১৭	মুদ্রণপ্রকাশনা/	৪.০০	থোক	২.২৫	থোক
১৮	ষ্টেশনারীসীল ও ষ্ট্যাম্পস ,	১৩.১৮	থোক	৮.৬০	থোক
১৯	গবেষণা ও মূল্যায়ন	৪৯.২৭	২	১৯.২৭	**১**
২০	বই ও সাময়িকী	১.৭৬	থোক	০.২৫	থোক
২১	বিজ্ঞাপন	৩.৩১	থোক	২.৩২	থোক
২২	খেলনা ও শিক্ষা সামগ্রী	৬১২.১৭	৭১১৩	৬০৯.১৩	৭১১৩
২৩	প্রশিক্ষণ ব্যয়	২২৪.৬৪	৭১১৩	২২৩.৬৪	৭১১৩
২৪	বৈদেশিক প্রশিক্ষণ/বৈদেশিক ভ্রদন	২০.০০	৬	-	-
২৫	ওয়ার্কশপ/সেমিনার ও কর্মশালা (স্থানীয়)	৩৭.১৩	২০	২১.৮৬	**১২**
২৬	আপ্যায়ন	২.৭৬	থোক	২.১৮	থোক
২৭	দিনমজুর	৩.৪৩	৬০	২.০৪	৬০
২৮	শিক্ষকদের সম্মানী কেন্দ্র/ কেন্দ্রের ভাড়া / সেটআপ ও ইউটিলিটি	৪৮৯৭.৩০	৭১১৩	৪৮৯৭.০০	৭১১৩
২৯	কপি/ফটোকপি	৩.৭০	থোক	০.৮৬	থোক
৩০	কম্পিউটার যন্ত্রাংশ	১.৯০	থোক	১.৯০	থোক
৩১	কমিটি মিটিং/সম্মানী	৩৭.৪০	১২৩	৩৫.৯০	**১২০**
৩২	অন্যান্য	১৯২.৩৮	থোক	৬৯.৫৬	থোক
৩৩	মেরামত এবং রক্ষনাবেক্ষণ (যানবাহন)	১৫.০২	১০	১০.০২	১০
৩৪	মেরামত এবং রক্ষনাবেক্ষণ (আসবাবপত্র)	২.০০	থোক	১.৪২	থোক
৩৫	মেরামত এবং রক্ষনাবেক্ষণ (কম্পিউটার ও অন্যান্য)	৬.৩৮	থোক	৫.৩২	থোক
৩৬	কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়	৫.৯৫	৬ সেট	৪.০০	৪ সেট
৩৭	ফটোকপিয়ার ক্রয়	২.৩৫	৩টি	১.৫৬	২টি
	সর্বমোট :	**৬৩৬৯.৫৩**	**-**	**৬১১৩.২৫**	**-**

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: টিপিপি'র লক্ষমাত্রা অনুযায়ী প্রকল্পের নিম্নোক্ত কাজ সম্পন্ন করা হয়নি:

ক) বিদেশে শিক্ষা সফর;

খ) শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিকমান (Early learning and Development Standards)সম্পর্কিত দলিল এর বয়স যৌক্তিকী করণ (Validation)।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি **অনুসরন** করা হয়েছে:
প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;

- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন; এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। **প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য :** সার্বিক উদ্দেশ্য: সরকারী ও বেসরকারী সংস্থার শিশুর প্রারম্ভিক বিকাশ সহায়ক কর্মপদ্ধতিকে প্রাতিষ্ঠানিক রুপদেয়া এবং শিশুর প্রাম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতির বাস্তবায়ন কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয় কল্পে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমীর কর্মদক্ষতা শক্তিশালী করণ সহ ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসরত শিশুদের সার্বিক বিকাশে সেবা প্রদান অব্যাহত রেখে তাদের বাংলাদেশের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলা।

সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী সংস্থা, আন্তর্জাতিক ও দেশীয় বেসরকারী সংস্থাসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের ইসিডি কার্যক্রম সমন্বয়ের নিমিত্ত শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩ (Comprechensive Early Childhood Care and Development Policy-ECCD Policy) বাস্তবায়নের কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন;
- শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিকমান (Early learning and Development Standards) সম্পর্কিত দলিল এর যৌক্তিকী করণ (Validation) সম্পন্ন করা;
- বাংলাদেশের ইসিডি কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান ও সমন্বয়ের নিমিত্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমীতে ইসিডি সেল/ইউনিট স্থাপন;
- সারা দেশে ইসিডি বিষয়ক এডভোকেসি এবং গাইডেন্স কার্যক্রম পরিচালনার লক্ষে বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ককে শক্তিশালী করণ;
- ঝুঁকিপুর্ণ এলাকায় প্রকল্প মেয়াদে সর্বমোট ৫ ,১৬৩ টি প্রাক-প্রাথমিক কেন্দ্র স্থাপন এবং এ সকল কেন্দ্রের মাধ্যমে ১ ,৫৪,০০০ (এক লক্ষ চুয়ান্ন হাজার) শিশুকে মানসম্মত শিক্ষা প্রদান করা যেন তারা ৬ বছর বয়সে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হতে পারে;
- প্রকল্প এলাকায় ২৮৫টি শিশু বিকাশ কেন্দ্র (SKB) স্থাপন এবং কেন্দ্রসমূহের মাধ্যমে ২৬০০০ শিশুকে ইসিডি সেবা প্রদান;
- প্রকল্প মেয়াদে গার্মেন্টস এলাকায় ২০ শিশু দিবাযত্ন কাম প্রাক-প্রাথমিক শিক্ষা (DAY CARE CENTER CUM PPF) কেন্দ্র স্থাপন এবং কেন্দ্রসমূহের মাধ্যমে ১২০০ শিশুকে ইসিডি সেবা প্রদান;
- বাংলাদেশের প্রেক্ষিতে ইসিডি মডেল অভিযোজনের লক্ষে গবেষণা ও মূল্যায়ন কর্মসূচী চলমান রাখা; এবং
- শিশুর প্রারম্ভিক বিকাশ বিষয়ক সামাজিক উদ্বুদ্ধ করণ, প্যারেন্টিং এবং গণযোগাযোগ কার্যক্রম অব্যাহত রাখা।

১০। পটভূমি: জাতীয় শিক্ষানীতি ২০১০ এর আলোকে ৫ বছর বয়সী শিশুদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম প্রাথমিক শিক্ষার অংশ হিসেবে বিবেচিত হওয়ায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এ কার্যক্রম সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে চালু করেছে। কিন্তু শহর এলাকার বস্তি, চা-বাগান, সরকারী আশ্রয়ন প্রকল্প, কেন্দ্রীয় কারাগার, হাওর, বিল ও দুর্গম এলাকাসহ যেখানে প্রাথমিক বিদ্যালয়নেই সেখানকার শিশুদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম ইউনিসেফের সহায়তায় অব্যাহত রাখা প্রয়োজন। শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) প্রকল্পের আওতায় উল্লিখিত অনগ্রসর ও ঝুঁকিতে থাকা শিশুদের জন্য ৭,১১৩টি শিশু বিকাশ, ডে-কেয়ার ও প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রের কার্যক্রম পরিচালনার লক্ষমাত্রা নিয়ে প্রকল্প প্রণয়ন করা হয়। বাংলাদেশ সরকার কর্তৃক শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত (Comprehensive Early Childhood Care and Development) নীতি ২০১৩ অনুমোদিত হওয়ায় এর বাস্তবায়নের কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন, তত্ত্বাবধান ও সমন্বয়কল্পে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমীর কর্মক্ষমতা শক্তিশালী করণ, শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিকমান সম্পর্কিত দলিল (Early learning and Development Standards) এর যৌক্তিকতা সম্পন্ন করণসহ শহর এলাকার বস্তি, চা-বাগান, সরকারী আশ্রয়ন প্রকল্প, চর, হাওর, যৌনপল্লী, বিলুপ্ত ছিটমহল ও কেন্দ্রিয় কারাগার এবং UNDAF নির্বাচিত কনভারজেন্ট জেলা ও অন্যান্য জেলায় বসবাসরত ঝুঁকিপূর্ণ শিশুদের সার্বিক বিকাশে সেবা প্রদান অব্যাহত রাকার উদ্দেশ্যে উন্নয়ন সহযোগী সংস্থা ইউনিসেফ এর আর্থিক সহায়তায় সমাপ্ত শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রকল্পের ধারাবাহিকতায় শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) প্রকল্পের যাত্রা শুরু করা হয়।

১১। প্রকল্পের অবস্থান:

- UNDAF জেলা হিসাবে বিবেচিত সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, কক্সবাজার, পটুয়াখালী ও সাতক্ষীরা জেলা। UNDAF জেলা ব্যতীত ঢাকা, নারায়নগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ ও মৌলভীবাজার জেলা।
- ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন এবং সাভার পৌরসভার আরবান এলাকা।

- অবহেলিত এলাকা, যেমন-শহর এলাকার বস্তি, চা-বাগান, সরকারী আশ্রয়ন প্রকল্প, চর, হাওর, যৌনপল্লী, বিলুপ্ত ছিট মহল ও কেন্দ্রিয় কারাগার।

১২। **অনুমোদন প্রক্রিয়া:** প্রকল্পটি ৪১৯৬.৭৯ লক্ষ টাকা (জিওবি ৩৪৬.৭৯ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৩৮৫০.০০ লক্ষ টাকা) প্রাক্কলনে জানুয়ারি, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৯/০৮/২০১৪ তারিখে অনুমোদিত হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গত ৩১প্রশাসনিক অনুমোদন জারী করা হয় ২০১৪/০৮/।

১৩। সংশোধিত ডিপিপি অনুযায়ী বরাদ্দ এবং অগ্রগতি (লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত এডিপি এর বরাদ্দ এবং অগ্রগতি				অর্থছাড়	খরচ এবং বাস্তব অগ্রগতি			
	সর্বমোট	টাকা	পি.এ	বাস্তব %		সর্বমোট	টাকা	পি.এ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৪-১৫	৯২৩.৩০	৭.১০	৯১৬.২০	১৪.৪৯	৬৭.৫০	২০৮৭.৯০	৪৭.৮২	২০৪০.০৮	৩২.৭৮
২০১৫-১৬	২২১৫.৯৫	৭২.৭৮	২১৪৩.১৭	৩৪.৭৯	৭৮.০০	১৬৯১.১৯	৭৬.১৯	১৬১৫.০০	৩০.৫৭
২০১৬-১৭	১৮৫০.০৩	৮৬.৬৬	১৭৬৩.৩৭	২৯.০৫	১০৯.৫০	১৬৭৯.৯১	৭৯.৯১	১৬০০.০০	২৬.৩৮
২০১৭-১৮	১৩৮০.২৫	১৮০.২৫	১২০০.০০	২১.৬৭	৬৬.৫০	৬৫৪.২৫	৫১.২৫	৬০৩.০০	১০.২৭
সর্বমোট	৬৩৬৯.৫৩	৩৪৬.৭৯	৬০২২.৭৪	১০০%	৩২১.৫০	৬১১৩.২৫	২৫৫.১৭	৫৮৫৮.০৮	১০০%

সূত্র: পিসিআর।

*নোট: সংশোধিত টিপিপি'তে মোট অনুমোদিত বরাদ্দ ছিল ৬৩৬৯.৫৩ লক্ষ টাকা। প্রকল্প মেয়াদে আরডিপিপিতে মোট বরাদ্দ ছিল ৫৯৬৪.২৫ লক্ষ টাকা (জিওবি- ৩১১.২৫ লক্ষ, প্রকল্প সাহায্য-৫৬৫৩.০০ লক্ষ)। অর্থবিভাগ থেকে জিওবি তহবিলের প্রকৃত অবমুক্ত কৃত অর্থের পরিমান ছিল ৩২১.৫০ লক্ষ টাকা। প্রকল্পের প্রকৃত অবমুক্তিকৃত জিওবি তহবিলের প্রকৃত ব্যয় ছিল ২৫৫.১৭ লক্ষ টাকা। অবশিষ্ট ৬৫.৩৩ লক্ষ টাকা আর্থিক নিয়ম অনুযায়ী ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি তহবিলে ফেরত পাঠানো হয়েছে।

১৪। **সংশোধন সংক্রান্ত:** শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিকমান সম্পর্কিত দলিল এর যৌক্তিকীকরণ ও ইসিডি বিষয়ক স্টাডিসহ- টি৫৮৩৮ প্রাথমিক শিক্ষা কেন্দ্রের স্থলে- টি শিশু বিকাশ ও প্রাক৪৪৭১ অনুমোদিত টিপিপি অপেক্ষা , অন্যান্য কিছু কার্যক্রম সম্পন্ন না হওয়া উন্নয়ন সহযোগী ,কেন্দ্র স্থাপন কর্তৃক প্রকল্প মেয়াদ ১ বছর বৃদ্ধি ফলে প্রকল্প ব্যয় বৃদ্ধি পাওয়ায় প্রকল্প সংশোধন করার প্রয়োজন দেখা দেয়। সংশোধন প্রক্রিয়াসম্পন্নকরত সংশোধিত টিপিপি ৬৩৬৯ লক্ষ টাকা ৫৩.(জিওবি ৩৪৬.৭৯ লক্ষ এবং প্রকল্প সাহায্য ২১৭২.৭৪ লক্ষ টাকা) ব্যয় নির্ধারণপূর্বক জানুয়ারি, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৭ মেয়াদে ১ বছর (৩৩.৩৩%) সময় ও ২১৭২.৭৪ লক্ষ টাকা (৫২.১৫%)ব্যয় বৃদ্ধিতে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৫/০২/২০১৭ তারিখে অনুমোদিত হয়।মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গত ১৩প্রশাসনিক অনুমোদন জারী করা হয় ২০১৭/০৩/।

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবী	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ /নিয়মিত) অতিরিক্ত(	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্বপ্রাপ্ত কিনা	
				হ্যাঁনা/	প্রকল্প সংখ্যা
মো: কফিল উদ্দিন কাইয়া (৭৬৫৭)	(সচিব-উপ) ও প্রকল্প পরিচালক	২০২০১৪/০৮/ হতে ১৮ ২০১৭/০১/	নিয়মিত	না	১টি
আনজির লিটন	পরিচালক বাংলাদেশ শিশু একাডেমি ও প্রকল্প পরিচালক	১৮২০১৭/০১/ হতে ১৮২০১৭/০২/	অতিরিক্ত	-	-
সুলতান আলম (৬৮৬৮)	(সচিব-উপ) ও প্রকল্প পরিচালক	১৯২০১৭/০২/ হতে ৩১২০১৭/১২/	নিয়মিত	না	১টি

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা :** প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহের অর্জন প্রকল্পের পিসিআর, প্রকল্পভূক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন ও অন্যান্য সংশ্লিষ্ট তথ্য উপাত্ত বিশ্লেষণ করে পর্যবেক্ষণ নিম্নরুপ:

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন (পিসিআর)	সরেজমিনে পর্যবেক্ষণ
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,উন্নয়ন সহযোগী সংস্থা, আন্তর্জাতিক ও দেশীয় বেসরকারি সংস্থাসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের ইসিডি কার্যক্রম সমন্বয়ের নিমিত্ত **শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩ (Comprehensive Early Childhood Care and Development Policy-ECCD Policy)** বাস্তবায়নের কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন।	প্রকল্পের আওতায় শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩ (Comprehensive Early Childhood Care and Development Policy-ECCD Policy) পরিচালন এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং প্রণীত পরিচালন এবং বাস্তবায়ন পরিকল্পনাটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।	করা হয়েছে।
শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিকমান **(Early Learning and Development Standards)** সম্পর্কিত দলিল এর যৌক্তিকীকরণ **(Validation)** সম্পন্ন করা।	প্রকল্পের আওতায় শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিকমান **(Early Learning and Development Standards)** সম্পর্কিত দলিল এর **Content** যৌক্তিকীকরণ **(Validation)** সম্পন্ন করা হয়েছে।	করা হয়েছে।
বাংলাদেশের ইসিডি কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান ও সমন্বয়ের নিমিত্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমীতে ইসিডি সেল/ ইউনিট স্থাপন।	• বাংলাদেশের ইসিডি কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান ও সমন্বয়ের নিমিত্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্বে একটি জাতীয় ইসিসিডি **(Early Childhood Care and Development)** সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। • বাংলাদেশ শিশু একাডেমীতে ইসিডি সেল গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	করা হয়েছে।
সারাদেশে ইসিডি বিষয়ক এডভোকেসি এবং গাইডেন্স কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ককে শক্তিশালীকরণ।	সারাদেশে ইসিডি বিষয়ক এডভোকেসি এবং গাইডেন্স কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ককে শক্তিশালীকরণের লক্ষ্যে প্রকল্প থেকে সহায়তা অব্যাহত রাখা হয়েছে।	করা হয়েছে।
ঝুঁকিপূর্ণ এলাকায় প্রকল্প মেয়াদে ১ম বছরে (২০১৪ সাল) ১,৪৫২ টি, ২য় বছরে (২০১৫ সাল) ১,৫৫৪ টি, ৩য় বছরে (২০১৬ সাল) ১,৪১৭টি এবং ৪র্থ বছরে (২০১৭ সাল) ৫+ বয়সী শিশুর জন্য ৭৪০ টি সর্বমোট ৫,১৬৩টি প্রাক-প্রাথমিক শিক্ষা (PPE) কেন্দ্র স্থাপন এবং এ সকল কেন্দ্রের মাধ্যমে ১,৫৪,০০০ (এক লক্ষ চুয়ান্ন হাজার) শিশুকে মানসম্মত শিড়্গা প্রদান করা যেন তারা ৬ বছর বয়সে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হতে পারে।	প্রকল্প মেয়াদে ঝুঁকিপূর্ণ এলাকায় ১ম বছরে (২০১৪ সাল) ১,৪৫২ টি, ২য় বছরে (২০১৫ সাল) ১,৫৫৪ টি, ৩য় বছরে (২০১৬ সাল) ১,৪১৭টি এবং ৪র্থ বছরে (২০১৭ সাল) ৫+ বয়সী শিশুর জন্য ৭৪০ টি সর্বমোট ৫,১৬৩টি প্রাক-প্রাথমিক শিক্ষা (PPE) কেন্দ স্থাপন করা হয়েছে এবং এ সকল কেন্দ্রের মাধ্যমে ১,৫৪,০০০ (এক লক্ষ চুয়ান্ন হাজার) শিশুকে মানসম্মত শিক্ষা প্রদান করা হয়েছে।	প্রকল্প এলাকা কক্সবাজার পরিদর্শন কালে প্রকল্প ফিল্ড অফিস শিক্ষার্থী সংশ্লিষ্ট কোন তথ্য সরবরাহ করতে পারেনি। তবে, প্রাপ-প্রাথমিক কেন্দ্র পরিচালিত হয়েছে বলে স্থানীয় লোকজনের কাছ থেকে জানা গেছে।
প্রকল্প মেয়াদে ৪+ বয়সী শিশুর জন্য ১,৮৭০ টি শিশু বিকাশ কেন্দ্র (SBK) স্থাপন এবং ৪ (চার) বছরে মোট কেন্দ্রের মাধ্যমে ৫৬,১০০ (ছাপান্ন হাজার একশত) শিশুকে ইসিডি সেবা প্রদান।	প্রকল্প মেয়াদে ৪+ বয়সী শিশুর জন্য ১,৮৭০ টি শিশু বিকাশ কেন্দ (SBK) স্থাপনের মাধ্যমে ৪ (চার) বছরে ৫৬,১০০ (ছাপান্ন হাজার একশত) শিশুকে ইসিডি সেবা প্রদান	প্রকল্প এলাকা কক্সবাজার পরিদর্শন কালে প্রকল্প ফিল্ড অফিস শিক্ষার্থী সংশ্লিষ্ট কোন তথ্য সরবরাহ করতে পারেনি। তবে, প্রাপ-প্রাথমিক কেন্দ্র

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন (পিসিআর)	সরেজমিনে পর্যবেক্ষণ
	করা হয়েছে।	পরিচালিত হয়েছে বলে স্থানীয় লোকজনের কাছ থেকে জানা গেছে।
প্রকল্প মেয়াদে গার্মেন্টস এলাকায় প্রতি বছর ২+ হতে ৫+ বয়সী শিশুর জন্য ২০ টি করে মোট ৮০টি শিশু দিবাযত্ন কাম প্রাক-প্রাথমিক শিড়্গা (Day Care Centre cum PPE) কেন্দ্র স্থাপন এবং কেন্দ্রসমূহের মাধ্যমে ১,৬০০ (এক হাজার ছয়শত) শিশুকে ইসিডি সেবা প্রদান।	প্রকল্প মেয়াদে গার্মেন্টস এলাকায় ২+ হতে ৫+ বয়সী শিশুর জন্য ২০ টি করে মোট ৮০টি শিশু দিবাযত্ন কাম প্রাক-প্রাথমিক শিড়্গা (Day Care Centre cum PPE) কেন্দ্র স্থাপন করা হয়েছে এবং কেন্দ্রসমূহের মাধ্যমে ১,৬০০ (এক হাজার ছয়শত) শিশুকে ইসিডি সেবা প্রদান করা হয়েছে।	করা হয়েছে।
বাংলাদেশের প্রেড়্গিতে ইসিডি মডেল অভিযোজনের লক্ষ্যে গবেষণা ও মূল্যায়ন কর্মসূচি চলমান রাখা।	প্রকল্পের আওতায় সমাপ্ত ইএলসিডি প্রকল্পের উপর একটি **summative evaluation** সম্পন্ন করা হয়েছে।	করা হয়েছে।
শিশুর প্রারম্ভিক বিকাশ বিষয়ক সামাজিক উদ্বুদ্ধকরণ, প্যারেন্টিং এবং গণযোগাযোগ কার্যক্রম অব্যাহত রাখা।	• শিশুর প্রারম্ভিক বিকাশ বিষয়ক সামাজিক উদ্বুদ্ধকরণ, প্যারেন্টিং এবং গণযোগাযোগ কার্যক্রম অব্যাহত রাখার উদ্দেশ্যে জেলা ও উপজেলায় এডভোকেসি সভা করা হয়েছে। • প্রকল্পের আওতায় প্রাক-প্রাথমিক, শিশু বিকাশ ও শিশু দিবাযত্ন কেন্দ্রে মাসিক সভার মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ বিষয়ক সামাজিক উদ্বুদ্ধকরণ ও প্যারেন্টিং কার্যক্রম বাস্ত্মবায়ন করা হয়েছে।	স্থানীয় লোকজনের কাছে জানা গেছে।

১৭। প্রকল্পের অংশীদারি সংস্থা:

ক। BRAC (ব্রাক)
খ। DSCC (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন)
গ। Grameen Shikkha (গ্রামীণ শিক্ষা) এবং
ঘ। Phulki (ফুলকি)।

১৮। **জনবল সংক্রান্ত** :প্রকল্প পরিচালক ১ জন (নিয়মিত) প্রেষণেসহ ১০ জন (৩ জন কর্মকর্তা সরাসরি এবং ও ৬ জন কর্মচারী আউট সোসিং) নিয়োগের মাধ্যমে প্রকল্পের কাজে নিয়োজিত ছিলেন। এ সকল জনবল প্রকল্প ফান্ড হতে বেতন ভাতাসহ অন্যান্য ধার্যকৃত সুবিধা গ্রহণ করেছেন। প্রকল্প পরিচালক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমী এর মনিটরিংয়ের মাধ্যমে প্রকল্পের অগ্রগতি নিশ্চিত করেছেন এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় সমস্যা ও সংকটসমূহ নিয়ে আলোচনা করা হয়েছিল এবং সেই অনুযায়ী প্রতিকারমূলক ব্যবস্থা নেওয়া হয়েছিল।

১৯। **পণ্য :বিধি অনুসরণ/কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন ,**প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্প প্রধান কার্যালয় ও জেলা অফিসের জন্য ফার্নিচার ও অফিস ইক্যুইপমেন্ট স যেমন ,ল্যাপটপ -কম্পিউটার ,এয়ারকন্ডিশনার , যন্ত্রপাতি ও সরঞ্জাম, আসবাবপত্র, যানবাহন, শিক্ষা উপকরণ ও অফিসের স্টেশনারী পিপিআর অনুযায়ী ক্রয় করা হয়েছে।

২০। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য :প্রকল্প মেয়াদে ২০১৪ হতে ২০১৬ পর্যন্ত মোট ২২টি অডিট আপত্তি পাওয়া যায়। যার মধ্যে ২১টি অডিট আপত্তি বৈদেশিক সাহায্যপুষ্ট অধিদপ্তর কর্তৃক নিষ্পন্ন করা হয়েছে। তবে ২০১৫ সালের ১টি ১ অডিট আপত্তি নং)) এখনও নিষ্পত্তি করা হয়নি। এছাড়া ২০১৭ সালের অডিট কার্যক্রম সম্পাদন করা হয় নি।

২১। **ডিপিপি পর্যালোচনা:** প্রকল্পটির ডিপিপি প্রণয়নের পূর্বে কোন বেইজ লাইন সার্ভে রিপোর্ট বা ফিজিবিলিটি স্টাডি করা হয়নি। এ সংক্রান্ত কোন রিপোর্ট ডিপিপিতে সংযুক্ত নেই। তবে, ২০০১ সালে ব্রাক কর্তৃক পরিচালক একটি কেস স্টাডি করা হয়েছে। ডিপিপি পর্যালোচনায় দেখা যায়, Logical Frame work যথাযথ করা হয়নি । ডিপিপিতে WBS করা হয়নি। CPM/PERT অনুসরণপূর্বক কোন

কর্মপরিকল্পনা নেই। সুতারং প্রকল্পটি যথাযথ সময় সমাপ্ত করা সম্ভব হয়নি। ফলে, প্রকল্পে সময় ও অর্থ বৃদ্ধির করা প্রয়োজন হয়েছে। তাছাড়া প্রকল্প সমাপ্ত হওয়া পরর্বতিতে কার্যক্রম কি হবে এ সংক্রান্ত কোন Exit plan ডিপিপিতে উল্লেখ নেই।

২২। **তথ্য-উপাত্ত পর্যালোচনা:** মাঠ পর্যায়ে পরিদর্শন কালে প্রকল্প সংশ্লিষ্ট কোন তথ্য পাওয়া যায়নি। এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থার সাথে মৌখিক যোগাযোগ করা হলে তারা বলেন। যেহেতু প্রকল্পটি ডিসেম্বর ২০১৭ সালের সমাপ্ত হয়েছে সুতরং মাঠ পর্যায়ে এখন আর কিছু সংরক্ষিত নেই। এমনকি পরিদর্শনকালীন সময় জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (কুড়িগ্রাম) এর সহযোগীতা পাওয়া যায়নি। ফলে , কুড়িগ্রামে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম পরিদর্শন করা সম্ভব হয়নি।

২৩। **প্রশিক্ষণ সংক্রান্ত: প্রকল্প কালিন সময়ে প্রকল্প পরিচালকগণ ৪দিনের বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এছাড়া প্রকল্পের কাজে সংশ্লিষ্ট শিক্ষকগণ (৭১১৩ জন) স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ গ্রহণ করেন।**

২৪। **আইএমইডি কর্তৃক পরিদর্শন ও সুপারিশ সংক্রান্ত:** "শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত) প্রকল্পটি মাঠ পর্যায়ের বাস্তাবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় এর সহকারী পরিচালক জনাব ফারজানা হোসেন কর্তৃক গত ০৪/০৫/১৭ তারিখ প্রকল্পভূক্ত এলাকা হবিগঞ্জ জেলায় চুনারুঘাট উপজেলার কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক পরিবীক্ষণ প্রতিবেদন জারি করেন। পরিদর্শন পরর্বতী প্রতিবেদনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি কে অবহিত করার নির্দেশনা থাকলেও প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থাদী সম্পর্কে আইএমইডি কে অবহিত করা হয়নি।

২৫। **প্রকল্পের শুরুতে বিলম্ব:** প্রকল্পটি ৪১৯৬.৭৯ লক্ষ টাকা (জিওবি ৩৪৬.৭৯ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৩৮৫০.০০ লক্ষ টাকা) প্রাক্কলনে জানুয়ারি, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৯/০৮/২০১৪ তারিখে অনুমোদিত হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গত ৩১ প্রশাসনিক অনুমোদন জারী করা হয় ২০১৪/০৮/। ফলে, নির্ধারিত প্রকল্প সময়ের প্রায় আট (০৮) মাস দেরীতে কার্যক্রম শুরু হয়। প্রকল্পের জনবল নিয়োগসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের ক্ষেত্রে বাস্তবায়নে বিলম্ব ঘটে।

২৬। **প্রাক-প্রাথমিক কেন্দ্রের অবকাঠামোগত সুযোগ-সুবিধার অভাব:** পরিদর্শনকালে দেখা যায়, প্রকল্পটির আওতায় বেশিরভাগ কেন্দ্রেগুলো অবকাঠামোগত সুযোগ সুবিধার অভাব ছিল। কাঁচা ও আধা পাতা ঘরে কেন্দ্রগুলো পরিচালিত হতো। প্রাক-প্রাথমিক কেন্দ্রগুলো স্বাস্থ সম্মত ছিল না, এছাড়া কিছু কেন্দ্রে কোন বৈদ্যুতিক ব্যবস্থা না থাকায় গরম কালে পাঠদানের ক্ষেত্রে শিক্ষক ও শিক্ষার্থী উভয়কেই কষ্ট পেতে হয়।

২৭। **প্রকল্পের প্রকিউরমেন্ট সম্পর্কিত তথ্য**: প্রকল্প যেহেতু উন্নয়ন সহোযগী সংস্থা ইউনিসেফ সুতারং উন্নয়ন সহযোগী সংস্থার গাইড লাইন অনুযয়ী শিশুদের শিক্ষা উপকরণসহ অন্যান্য ক্রয় সম্পন্ন করা হয়।

২৮। **শিক্ষকগণের অপর্যাপ্ত সম্মানী প্রদান:** প্রকল্পটির আওতায় স্থাপিত কেন্দ্রসমূহে কর্মরত শিক্ষকগণের মাসিক সম্মানী ভাতা প্রাথমিক ভাবে ১৮৫০ টাকা হারে সরবরাহ করা হতো। এবং পরর্বতিতে প্রতি বছর ১০% হারে বেতন বৃদ্ধির ব্যবস্থা ছিল। যা বর্তমান বাজার ব্যবস্থার থেকে তুলনামূলক কম। একজন শিক্ষক কেন্দ্রে প্রতিদিন ন্যুনতম আড়াই ঘন্টা সময় শিক্ষাদানের জন্য ব্যয় করেন। যা তার দৈনন্দিন কাজের মূল সময় থেকে গুরুত্বপূর্ণ অংশ হতে ব্যয় করা হয়। ফলে, একজন শিক্ষককে অন্য কোন কাজে মনোনিবেশ করা সম্ভব হয় না।

২৯। **কেন্দ্র নির্বাচন: প্রকল্প সংশ্লিষ্ট তথ্য ও সরেজমিনে পরিদর্শন কালে দেখা যায় যে**, "শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির শিশু বিকাশ কেন্দ্র, প্রাক-প্রাথমিক শিক্ষাকেন্দ্রগুলো নির্বাচনের ক্ষেত্রে সদর জেলা ও উপজেলায় অধিক সংখ্যাক কেন্দ্র নির্বাচন করা হয়েছে। সাবাভিক ভাবে সদর জেলা ও উপজেলা শহরে অন্যান্য সকল সুবিধা দূর্গম এলাকার চেয়ে বেশি লক্ষ্য করা যায়। যোগাযেগ ব্যবস্থা দূর্গম ও পাহাড়ি এলাকার শিক্ষা সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির বিষয় বিবেচনা করে কেন্দ্র নির্বাচন করা হয়নি।

৩০। **সম্পদ রেজিষ্টারে: যে**, "শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (১ম পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত)"প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন আসবাবপত্র, কম্পিউটার, সরঞ্জাম ও যন্ত্রপাতি অফিস ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে। এবং "শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত)"প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন আসবাবপত্র, কম্পিউটার, সরঞ্জাম ও যন্ত্রপাতি অফিস ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে। এসব যন্ত্রপাতি ও মালামাল সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ করার কথা থাকলেও মাঠ পর্যায়ে তা করা হয়নি।

<u>৩১। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন সংক্রান্ত :</u>

১৫.১। **সুবিধাভোগীর মতামত:** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিশু একাডেমিক কর্তৃক বাস্তবায়ীত "শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় বাস্তবায়ীত কার্যক্রম গত ০৯০/৮১৮/ কক্সবাজার জেলার কক্সবাজার সদর রামু ও চকরিয়া উপজেলা , এবং ১১/০৫/১৮ তারিখ ময়মনসিংহ জেলা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। এখানে ২০১৩ হতে ২০১৬ পর্যন্ত কার্যক্র ম চলমান ছিল। পরর্বতীতে স্থানীয়দের সহজোগিতায় ২০১৭ সাল পর্যন্ত কার্যক্রম বাস্তবায়িত হয়। পরিদর্শন

কালে বাস্তবায়নকারী স্থানীয় SARPV এনজিও প্রতিনিধি উপস্থিত ছিলেন। প্রকল্পের কেন্দ্র শিক্ষক ও সুবিধাভোগী শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় নিম্নোক্ত মতামতগুলো পাওয়া যায়:

উপস্থিত আভিভাবকদের সাথে আলোচনায় তারা বলেন যে, প্রাক-প্রাথমিক কেন্দ্রগুলোর মাধ্যমে তাদের শিশু শিক্ষার্থীদের বিকাশ ও প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদান করা হয়, ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ বৃদ্ধি পেয়েছে , পাঠদানের জন্য নির্ধারিত কেন্দ্রগুলোর পরিবেশ প্রাক-প্রাথমিক শিক্ষর্থীদের উপযোগি করা প্রয়োজন। শিক্ষার্থীদের পড়াশুনার পাশাপাশি ছড়া, গল্প, গান, চারু ও কারু কাজ ইত্যাদি শেখানো ব্যবস্থা ছিল। শিক্ষার্থীদের উৎসাহিত করণের লক্ষ্যে বিভিন্ন প্রতিযোগীতামূলক কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। শিশুর বিকাশ ও প্রাক-প্রাথমিক শিক্ষা অর্জনের জন্য এধরণের কেন্দ্রের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চালু রাখা দরকার। শিক্ষার্থীদের সাথে কেন্দ্রে উপস্থিত অভিভাবকদের মাতৃী ও শিশু স্বাস্থ্য সেবা সম্পর্কে ধারণা/সচেতনতা মূলক কার্যক্রম চালু রাখা দরকার।

৩২. প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:

(ক) সুরাজপুর-মানিকপুর ইউনিয়ানের চেয়ারম্যান, মেম্বার ও স্থানীয় অভিভাবকদের সাথে আলোচনা।	(খ) সুরাজপুর-মানিকপুর ইউনিয়ানের বিলেজার পাড়া কেন্দ্র পরিদর্শন ও স্থানীয় অভিভাবকদের সাথে আলোচনা।
	
(গ) সুরাজপুর-মানিকপুর ইউনিয়ানের ব্রাক্ষ্মণপাড়া পরিত্যাক্ত কেন্দ্র পরিদর্শন।	(ঘ) সুরাজপুর-মানিকপুর ইউনিয়ানের বিলেজার পাড়া কেন্দ্রের শিক্ষকদের সাথে আলোচনা।
	

৩৩। সুপারিশ :

৩৩.১ প্রাক-প্রাথমিক ও শিশুর বিকাশ কার্যক্রম শিক্ষার্থীদের বুদ্ধিবৃত্তিক, আবেগিক, সামাজিক ও ভাষাগত বিকাশে উন্নয়নের মাধ্যমে শিশুকে প্রাথমিক শিক্ষা সাফল্যজনক ভাবে চালিয়ে যেতে সহায়তা করে। প্রকল্পটি কার্যক্রম ইতিবাচক বিবেচনায় এধরণের কার্যক্রমের মাধ্যমে শিশু শিক্ষার্থীদের শিক্ষার সুযোগসহ প্রাক-প্রাথমিক শিক্ষা অর্জনের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয় ভর্তির হার বৃদ্ধি সম্ভবনা ও সুযোগ সৃষ্টি হয়। তাই প্রকল্পটির ধারাবাহিকতা বজায় রাখা প্রয়োজন;

৩৩.২ প্রাক-প্রাথমিক ও শিশুর বিকাশ কেন্দ্র খোলামেলা প্রশস্ত থাকা উচিৎ এবং কেন্দ্রগুলো পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা রয়েছে এমন জায়গায় স্থাপন করলে শিশু বিকাশ কর্মকান্ড অধিক দক্ষতার সাথে পরিচালনা করা সম্ভব হবে। সেখানে ছোট হলেও একটি খেলার মাঠ রেখে শিক্ষাকেন্দ্র নির্বাচন করা যেতে পারে;

৩৩.৩ প্রাক-প্রাথমিক ও শিশুর বিকাশ কেন্দ্রগুলি নির্বাচনের ক্ষেত্রে শিক্ষা সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর বিষয় বিবেচনা য় নিয়ে

সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়কে কেন্দ্র নির্বাচন নিশ্চিত করতে হবে;

৩৩.৪ প্রাক-প্রাথমিক ও শিশুর বিকাশ সংক্রান্ত কার্যক্রমের জন্য দক্ষ শিক্ষক একটি পূর্বশর্ত সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়কে নিয়মিত ও দক্ষ শিক্ষকের বিষয়টি নিশ্চিত করতে হবে;

৩৩.৫ সংস্থা/মন্ত্রণালয়কে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে WBS/CPM/PERT অনুসরণপূর্বক ডিপিপি প্রণয়ন করাসহ Exit plan উল্লেখ করতে হবে;

৩৩.৬ দ্রুত সময়ের মধ্যে অনিষ্পন্ন অডিট নিষ্পন্নসহ ২০১৭ সালের অডিট সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের উদ্দেগ্য গ্রহণপূর্বক সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

৩৩.৭ সংস্থা/মন্ত্রণালয়কে প্রকল্পের সংশ্লিষ্ট নথি/তথ্য বিধি মোতাবেক নির্ধারিত সময়ে পর্যন্ত সংরক্ষণের ব্যবস্থা রাখতে হবে;

৩৩.৮ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

Generation Break-through: A multi-pronged approach to building healthy relationship for primary prevention for gender based violence and meeting SRHR needs for adolescent in Bangladesh শীর্ষক **সমাপ্ত** প্রকল্পের **মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৭)

১. প্রকল্পের নাম : Generation Break-through: A multi-pronged approach to building healthy relationship for primary prevention for gender based violence and meeting SRHR needs for adolescent in Bangladesh।

২. প্রকল্পের ধরন সমী/কারিগরি সহায়তা/বিনিয়োগ)ক্ষা :(কারিগরি সহায়তা।

৩. অর্থায়নের উৎস:

৩১. /প্রকল্প সাহায্য/জিওবি) অর্থায়নের উৎস জেডিসিএফ স্ব/
অর্থায়ন অন্যান্য(:ইউএনএফপিএ।

৩২. উন্নয়ন সহযোগী :ইউএনএফপিএ।

৪. উদ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী:

৪১. বিভাগ/উদ্যোগী মন্ত্রণালয় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৪২. বাস্তবায়নকারী সংস্থা : মহিলা বিষয়ক অধিদপ্তর।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত :

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন(+/-)	
	মোট	জিও বি	প্র: সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৭৮৯.৪৭	-	৭৮৯.৪৭	-	সেপ্টেম্বর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৬	১৮/০৬/২০১৩	-	-
সংশোধিত (১ম)	৭৭৯.৪৮	-	৭৭৯.৪৮	-	সেপ্টেম্বর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৮	২২/০৩/২০১৭	-(১%)	+(৫৯%)
প্রকৃত বাস্তবায়িত	৫৯৫.৯৫		৫৯৫.৯৫	-	সেপ্টেম্বর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৭	-	-(২৪%)	+(২৯%)

৬। প্রকল্প এলাকা সংখ্যায় উল্লেখ করতে হবে : ২০ ইউএনডিএএফ (20 UNDAF) জেলা।

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন
বরিশাল	বরগুনা ও পটুয়াখালী জেলা।	-

৭। প্রকল্পের উদ্দেশ্য :

ক। মূল উদ্দেশ্য : প্রকল্পটি ১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরী এবং বালক-বালিকাকে দায়িত্বশীল, অহিংস, স্বাস্থ্যকর এবং সুখি হিসেবে গড়ে তুলতে সহযোগিতা করবে যাতে তারা ভবিষ্যতে ভাল সংঙ্গী এবং বাবা-মা হিসেবে লিঙ্গ ভিত্তিক ন্যায় আচরণ করেন এবং তা চর্চা করেন।

খ। সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহঃ

১। Gender-based violence (GBV) এবং Sexual and Reproductive Health and Rights (SRHR) এর ঝুকিঁ কমানো;
২। Gender-based violence (GBV) এবং Sexual and Reproductive Health and Rights (SRHR) এর জন্য প্রতিরক্ষামূলক প্রচার;
৩। ইতবাচক পুরুষতান্ত্রিক মনোভাব জাগ্রত করা;
৪। পিতৃ তান্ত্রিক সামাজিক মূল্যবোধ ও প্রথা যেমনঃ Corporal Punishment নেতি বাচক মনোভাব পরিহার করা এবং
৫। উত্তম জনক-জননী রুপে নিজেদের প্রতিষ্ঠা করা।

৮। লক্ষ্য: পরিবার ও সমাজের সহায়ক পরিবেশে কিশোর-কিশোরীদের ইতিবাচক পরিবর্তনে সক্রিয় এজেন্ট হিসাবে কাজ করা।

৯। প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশের মোট জনসংখ্যার ১৫ বছর বয়সীদের সংখ্যা ৩৪.৮ ভাগ। ১-২৯ বছর বয়সীর সংখ্যা মোট জনসংখ্যার ৬১.৪ ভাগ এবং ১০-১৯ বছর বয়সীর সংখ্যা মোট জনসংখ্যার ২২ ভাগ। সাম্প্রতিক বছর গুলোতে জন্মহার কম থাকলেও কিশোর কিশোরীদের কারনে বাংলাদেশের জনসংখ্যা বেড়েই চলছে। এই যুব সমাজই পরবর্তীতে কমিউনিটিতে, ব্যবসা-বাণিজ্যে, রাজনীতিতে নেতার ভূমিকা পালন করবে। যুবক যুবতীরা বাংলাদেশের গুরুত্বরপূর্ন সামাজিক জনতাত্ত্বিক দল কারন তারা জনগনের একটা বিশাল অংশ। দেশের বর্তমান ও ভবিষ্যতের উন্নয়ন তাদের উপর বহুলাংশে নির্ভর করে।মিলিনিয়াম ডেভেলপমেন্ট লক্ষ্য অর্জনের জন্য বর্তমান কিশোর কিশোরীদের দিকে সুনির্দিষ্ট নজর Gender-based violence (GBV) প্রতিরোধকল্পে প্রতিষ্ঠার জন্য উক্ত প্রকল্প গ্রহন করা হয়েছে। এই প্রকল্প শুধু মাত্র মহিলা এবং শিশু বিষয়ক মন্ত্রনালয়ই বাস্তবায়ন করবে না এর সাথে শিক্ষা মন্ত্রনালয় এবং প্লান বাংলাদেশ তৃর্ণমূল পর্যায়ে বাস্তবায়নে সহায়তা করবে। নারীর সমতা এবং অর্থনৈতিক ক্ষমতায়নে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হলেও শিশুর স্বাস্থ্য সুরক্ষা শিশু মৃত্যুর হার ও, রোধ উল্লেখযোগ অগ্রগিত সাধিত হয়নি। বাল্য বিবাহ এবং অল্, বাল্য বিবাহপ বয়সে মা হওয়া একটি নিত্ত নৈমত্তিক ঘটনা। এেই প্রেক্ষাপটে UNFPA এর সহায়তায় পাইলট ভিত্তিক বরগুনা এবং পটুয়াখালী জেলঅয় ১৫ বছল বয়সী কিশোর কিশোরীদের মধ্যে প্রজনন স্বাস্থ্য ১৯-Sexual and Gender-based violence রোধ ও বাল্য বিবাহ প্রতিরোধে সচেকনতা বৃদ্ধির জন্য এই প্রকল্প কাজ করছে।

১০। প্রকল্পের মূল কার্যক্রম :

১। কমিউনিটি কার্যক্রম এবং কমিউনিটি মবিলাইজেশন কার্যক্রম পরিচালনা-

- Reducing risk factors for Gender Based Violence (GBV) and Sexual and Reproductive Health and Rights (SRHR)-promoting protective factors for GBV and SRHR
-Promoting positive non-violent masculinities
-Rejecting negative positiarchy enforcing values and social norms such as corporal ppunishment
-Training and improving on parenting skills

২। কারিগরী সহায়তা প্রদান/জেন্ডার সমতা অনিচ্ছকৃত ভুল/ভ্যায়োলেন্স প্রতিরোধে মডিউলশিখন উপকরণ তৈরি ও আইইসি উপকরণ,তৈরি,
৩। অন্যান্য বাস্তবায়নকারী সংস্থার সাথে দায়িত্ব ভাগাভাগীর মাধ্যমে মনিটরিং ইভালুয়েশন এবং মডেল তৈরী করার জন্য এই প্রকল্পের, এব ,অর্থায়নে বেজলাইন জরিপ করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের অর্থায়নের মনিটরিংং ইভালুয়েশন পরিচালিত হবে।

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

১১। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল: (লক্ষ টাকা)

নং	খাতসমুহ (ডিপিপি অনুযায়ী)	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন		মন্তব্য
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
১	২	৩	৪	৫	৬	৭
রাজস্ব :						
১	বেইজ লাইন সার্ভে	১	২৫.০০	১	২৫.০০	প্রকল্পে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বরাদ্দ ২ ০১৮ সালের ডিসেম্বরে ছিল। কিন্তু দাতা সংস্থা ইউএনএফপিএ প্রয়োজনীয় ভিত্তিতে অর্থ বরাদ্দ না দেয়াতে ২০১৭ সালের ডিসেম্বরে প্রকল্পটি বন্ধ করে দে য় হয় । সুতরাং ব্যয় বাজেটের চেয়ে কম ।
২	মাঠ কর্মকর্তাদের বেতন	১	৫৯.৫০	১	২১.২২	
৩	মনিটরিং (টিএ, ট্রান্সপোট, মূল্যায়ন ইত্যাদি)	৩০	৩৫.০০	২০	২৩.৫৯	
৪	কর্মশালা/মিটিং/সেমিনার	২৩৪	২৫.২৫	২২৭	২৩.০০	
৫	বই ক্রয় (ক্লাবের জন্য)	১৫০	১১২.৫০	১৫০	৮৮.৯৫	
৬	দেশ ও বিদেশ ভ্রমন	১০	৭০.৬০	৭	৬১.৫৫	
৭	ক্লাব সংস্কার	১৫০	৮২.৬০	১৫০	৫৫.৭৫	
৮	ম্যান্টেন্স এবং অন্যান্য ব্যয়	থোক	৮৩.৩৩	থোক	৭৪.৬২	
৯	জেন্ডার প্রোমোটার সম্মানী	২০	৮৩.০০	২০	৬৮.১৭	
১০	পর্যবেক্ষণ	২০দিন	৬৫.৯৯	২০দিন	৩৯.০৫	
	উপমোট (রাজস্ব):	**-**	**৬৪২.৭৭**	**-**	**৪৮০.৯**	
মূলধন:						
১১	সরবরাহ এবং সেবা	থোক	০.৪০	থোক	-	
১২	অফিস আসবাবপত্র	থোক	০.৭৫	থোক	-	
১৩	মেরামত যন্ত্রপাতি কম্পিউটার ও আসবাবপত্র	থোক	৫.৬৬	থোক	৫.৩০	
১৪	যন্ত্রপাতি (১৫০টি ক্লাবের	১৫০	১২৯.৯০	১৫০	১০৯.৭৫	

	জন্য)					
উপমোট (মূলধন):		-	**১৩৬.৭১**	-	**১১৫.০৫**	
সর্ব**মোট (রাজস্ব + মূলধন):**		-	**৭৭৯.০০**	-	**৫৯৬.০০**	

১২। সংশোধিত এডিপি এর বরাদ্দ এবং অগ্রগতি:

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত ডিপিপি এর বরাদ্দ এবং লক্ষ্যমাত্রা				বছর ভিত্তিক অর্থছাড়	প্রকৃত খরচ/অগ্রগতি			
	সর্বমোট	টাকা	পি.এ	বাস্তত %		সর্বমোট	টাকা	পি.এ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৩-১৪	৪১.৭২	৪১.৭২	৪১.৭২	৫.৩৫	-	-	-	-	-
২০১৪-১৫	১৬৬.৬৭	১৬৬.৬৭	১৬৬.৬৭	২১.৩৮	৯৮.৮৪	৯৮.৮৪	৯৮.৮৪	৯৮.৮৪	১৬.০০
২০১৫-১৬	৩২৮.৬৭	৩২৮.৬৭	৩২৮.৬৭	৩০.৮১	১৫৪.৩০	১৫৪.৩০	১৫৪.৩০	১৫৪.৩০	৩০.০০
২০১৬-১৭	১৩৫.০৫	১৩৫.০৫	১৩৫.০৫	১৭.৩৩	১০৪.৮০	১০৪.৮০	১০৪.৮০	১০৪.৮০	১৭.০০
২০১৭-১৮	১৪৯.০৯	১৪৯.০৯	১৪৯.০৯	২৫.১৩	৮৭.২৩	৮৩.৭১	৮৩.৭১	৮৩.৭১	২১.০০
সর্বমোট	**৮২১.২**	**৮২১.২**	**৮২১.২**	**১০০**	**৪৪৫.১৭**	**৪৪১.৬৫**	**৪৪১.৬৫**	**৪৪১.৬৫**	**৮৪.০০**

১৩। (ক:তে মোট প্যাকেজ সংখ্যা'টিএপিপি/ডিপিপি (উন্নয়ন সহযোগী ইউএনএফপিএ এর প্রকিউরমেন্ট গাইড লাইন অনুযায়ী।

কার্য ও সেবা ক্রয় সংক্রা ,পণ্য (খ)ন্ত তথ্য :প্রকল্পের মাধ্যমে পণ্য ক্রয় সংক্রান্ত ৩টি প্যাকেজ রয়েছে। উল্লেখিত পণ্য ইউএনএফপিএ প্রকিউরমেন্ট গাইড লাইন অনুযায়ী করা হয়েছে।

১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যপর্যায়ক্রমে প্রকল্প শু)রু হতে বর্তমান সময় পর্যন্ত:(

প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ /নিয়মিত) অতিরিক্ত(	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
			হ্যাঁনা/	প্রকল্প সংখ্যা
এ.কে.এম মিজানুর রহমান (অতিরিক্ত সচিব) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	২ এপ্রিল ২০১৭ হতে ১৩ মার্চ ২০১৮ পর্যন্ত।	অতিরিক্ত	-	-

১৫। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি **অনুসরন** করা হয়েছে:
প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন; এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

গ. প্রকল্প এলাকা পরিদর্শন সংক্রান্ত :

১৬। পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ:"Generation Break-through" প্রকল্পটি মাঠ পর্যায়ের বাস্তাবায়নকালীন কোন পরিদর্শন করা হয়নি।

১৭। পরিদর্শনকৃত এলাকা তথ্য: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "Generation Break-through" সমাপ্ত প্রকল্পটি গত ১১ ও ১২ জানুয়ারী ২০১৯ তারিখ পটুয়খালী ও বরগুনা জেলার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন কালে জেলার মহিলা বিষয়ক কর্মকর্তাসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত ছিল।

১৮। সার্বিক পর্যবেক্ষণ সংক্রান্ত : মিলিনিয়াম ডেভেলপমেন্ট লক্ষ্য অর্জনে Gender-based violence (GBV) প্রতিরোধকল্পে প্রতিষ্ঠার জন্য কিশোর কিশোরীদের গুরুত্বপূর্ন ভুমিকা রয়েছে। বাংলাদেশের মোট জনসংখ্যায় কিশোর-কিশোরী (১০-১৯) বছর বয়সীর সংখ্যা ২২ ভাগ। শিশুর স্বাস্থ্য সুরক্ষা শিশু, ,মৃত্যুর হার ও বাল্য বিবাহ রোধ উল্লেখযোগ্য অগ্রগিত সাধিত হয়নি। বাল্য বিবাহ এবং অল্প বয়সে মা হওয়া একটি নিত্ত নৈমত্তিক ঘটনা। এেই প্রেক্ষাপটে UNFPA এর সহায়তায় পাইলট ভি ত্তিক বরগুনা এবং পটুয়াখালী জেলায় ১৫ বছল বয়সী কিশোর কিশোরীদের মধ্যে প্রজনন স্বাস্থ্য ১৯- Sexual and Gender-based violence রোধ ও বাল্য বিবাহ প্রতিরোধে সচেকনতা বৃদ্ধির জন্য এই প্রকল্প কাজ ক রেছে। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরী এবং বালক-বালিকা দায়িত্বশীল, অহিংস, স্বাস্থ্যকর এবং সুখি ও সচেতন হিসেবে গড়ে উঠবে। যা তাকে সহযোগিতা করবে ভবিষ্যতে ভাল সংঙ্গী এবং বাবা-মা হিসেবে লিঙ্গ ভিত্তিক ন্যায় আচরণ চর্চা করতে। এ কার্যক্রম বাস্তবায়নে পাইলট প্রকল্প হিসেবে তিনটি জেলায় ১৫০টি কিশোর-কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। ক্লাব সদস্যদের সেক্স ও জেন্ডার সম্পর্কে বিস্তারিত ধারণা এবং সমাজ ও ব্যক্তি জীবনে নারী-পুরুষের ভুমিকা জানা। বয়:সন্ধিকালীন শারীরিক ও মানসিক

পরিবর্তন, বয়:সন্ধিকালীন পরিষ্কার-পরিছন্নতার গুরুত্ব, প্রজনন স্বাস্থ্য এবং যত্ন সম্পর্কে জানা ইত্যাদি। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার উপস্থিতিতে 'মাধবীলতা কিশোর-কিশোরী ক্লাব', 'বিকন কিশোর-কিশোরী ক্লাব', ও 'গোলাপ কিশোর-কিশোরী ক্লাব' পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে ক্লাবগুলো বন্ধ অবস্থায় পাওয়া যায়। ক্লাবের সদস্য ১০-১৯ বছরের কিশোর-কিশোরী যার প্রাতদিন একটি নিদির্ষ্ট সময় ক্লাবে মিলিত হয়। একজন জেন্ডার প্রোমোটার যার তত্বাবধানে বয়:সন্ধিকালীনসহ কিশোর-কিশোরীদের জরুরু বিষ য়গুলো নিয়ে আলোচনা করা হয়। এছাড়া বাল্য বিবাহ সমস্য/ঝুঁকি বিষয় তাদের সচেতন করা হয়। ২০১৪-২০১৮ পর্যন্ত এ ক্লাবগুলোর মাধ্যমে ৭৩টি বাল্য বিবাহ বন্ধ করা হয়। শিক্ষার্থীদের সাথে আলোচনায় জানা যায় তার পূর্বে কিশোর-কিশোরী বয়সের সমস্যাগুলো সম্পর্কে জানতো না। ক্লাবে আসার ফলে Gender Based Violence (GBV) ও Sexual and Reproductive Health and Rights (SRHR) ইত্যাদি বিষয়গুলো জানতে পারছি। তারা নিজেরা এখন সচেতন এবং তাদের সহপাঠীদের এবিষয় সচেতন করার জন্য কাজ করছে। তারা বলেন ক্লাবগুলো যদি চালু থাকতো তাহলে তাদের জন্য আরও ভালো হতো। এখন আর ক্লাবগুলো চলে না।

প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন পরবর্তী নিয়মিত মনিটরিং বা ফলো-আপ করা হয়না। যার প্রকল্পের অর্জিত outcome কে Sustainable করা সম্ভব হচ্ছে না। প্রকল্পটি কিশোর-কিশোরীদের নিরাপদ বৃদ্ধি ও সুরক্ষা বিষয়ক একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। কিশোর-কিশোরীদের সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে এধরনে কার্যক্রমের ধারাবাহিকতা প্রয়োজন। এক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থাকে সমন্নিত ব্যবস্থাপনার মাধ্যমে কার্যকর উদ্দ্যোগ গ্রহণসহ এ ধরণের কাজ চলমান রাখা ও টেকসই করার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এক্ষেত্রে কিশোর-কিশোরীদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে সমাজ তথা রাষ্ট্রের সামাজিক রীতি পরিবর্তন আনয়নে একটি বড় শক্তি হিসেবে কাজে লাগানো যেতে পারে।

১৮.০১। অনুমোদন প্রক্রিয়া ও সংশোধন: প্রকল্পটি ৭৮৯.৪৭ লক্ষ টাকা প্রাক্কলনে ১ সেপ্টেম্বর, ২০১৩ হতে ৩০ জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নে গত ০১/০৬/২০১৪ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের বেশ কিছু বিষয়ে সংশোধন প্রয়োজন হলে গত ২২/০৩/২০১৭ তারিখে সেপ্টেম্বর২০১ ,৩ হতে জুন২০১ ,৮ তারিখ নির্ধারণ করে ব্যয়বৃদ্ধি ব্যতিরেখে প্রকল্পটির ১ম সংশোধনী অনুমোদিত হয়। প্রশাসনিক অনুমোদন জারি হওয়ার পর গত ০২/০৪/২০১৭ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। প্রকৃত প্রকল্পটি ১ সেপ্টেম্বর, ২০১৩ হতে ৩০ ডিসেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নপূর্বক সমাপ্ত হয়।

১৮.০২। অগ্রগতী সংক্রান্ত: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "Generation Break-through" সমাপ্ত প্রকল্পটি ৭৮৯.৪৭ লক্ষ টাকা প্রাক্কলনে ১ সেপ্টেম্বর, ২০১৩ হতে ৩০ জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়। প্রকল্পটি প্রকৃত ব্যয় ৫৯৬.০০ (৭৬%) লক্ষ টাকা। বেশ কিছু প্রয়োজনে প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেখে ২ বছর মেয়াদ বৃদ্ধি করা হয়। কিন্তু প্রকৃত প্রকল্পটি ১ সেপ্টেম্বর, ২০১৩ হতে ৩০ ডিসেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নপূর্বক সমাপ্ত হয়। যা অনুমোদি সময়ের চেয়ে ১ বছর (২৪%)কম।

বাস্তব অগ্রগতি: প্রকল্পটি মূল লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% বাস্তব নির্ধারতি থাকলেও প্রকৃত ৮৪% লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে সমাপ্ত করা হয়।

১৮.০৩। অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন পর্যালোচনা: প্রকল্পটির মূল উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত কার্যক্রমকে বিভিন্ন অঙ্গি বিভক্ত করে বাস্তবায়ন করা হয়। পিসিআর-রে উল্লেখিত তথ্য দেখা যায়, নির্ধারিত অঙ্গের সংস্থান অনুযায়ী ব্যয় করা হয়েছে। তবে অনেক ক্ষেত্রেই লক্ষ্যমাত্রার চেয়ে ব্যয় কম। এ বিষয় বিশ্লেষণে দেখা যায় প্রকল্পে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বরাদ্দ ২০১৮ সালের ডিসেম্বরে ছিল। কিন্তু দাতা সংস্থা ইউএনএফপিএ প্রয়োজনীয় ভিত্তিতে অর্থ বরাদ্দ না দেয়াতে ২০১৭ সালের ডিসেম্বরে প্রকল্পটি বন্ধ করে দেয় হয়। সুতরাং ব্যয় বরাদ্দের চেয়ে কম। (অনুচ্ছেদ ৯ এর ছকে বিস্তারিত)

১৮.০৪। বছর ভিত্তিক সংস্থার, বরাদ্দ ও ব্যয় পর্যালোচনা: প্রাপ্ত তথ্য উপাত্তের বিশ্লেষণে দেখা যায়, ২০১৩১-৪ অর্থবছরে টিপিপি অনুযায়ী সংস্থান ৪১.৭২) ৫ লক্ষ টাকা। (% প্রকৃত কোন অর্থ ছাড় নাথাকায় ব্যয় হয়নি। ২০১৪১-৫ অর্থবছরে টিপিপি অনুযায়ী সংস্থান ১৬৬.৬৭)২১ লক্ষ টাকা (% এবং অর্থছাড় ৯৮.৮৪ (৫৯%), প্রকৃত ব্যয় ছাড়কৃত অর্থের ১০০%। ২০১৫-১৬ অর্থবছরে টিপিপি অনুযায়ী সংস্থান ৩২৮.৬৭) ৪২লক্ষ টাকা (% এবং অর্থছাড় ১৫৪ (৪৭%), প্রকৃত ব্যয় ছাড়কৃত অর্থের ১০০%। ২০১৬-১৭ অর্থবছরে টিপিপি অনুযায়ী সংস্থান ১৩৫.০৫) ১৭লক্ষ টাকা (% এবং অর্থছাড় ১০৪ (৭৮%), প্রকৃত ব্যয় ছাড়কৃত অর্থের ১০০%। ২০১৭-১৮ অর্থবছরে টিপিপি অনুযায়ী সংস্থান ১৪৯.০৯) ১৯লক্ষ টাকা (% এবং অর্থছাড় ৮৭.২৩ (৫৯%), প্রকৃত ব্যয় ছাড়কৃত অর্থের ৯৬%। সার্বিক ভাবে লক্ষ্য করা যায় যে, টিপিপিতে সংস্থা অনুযায়ী উন্নয়ন সহযোগী ইউএনএফপিএ কর্তৃক আর্থিক সহায়তা পর্যাপ্ত ছিল না। ফলে প্রকল্পটি নির্দিষ্ট সময়েরপূর্বেই সমাপ্ত করা হয়েছে।

১৮.০৫। প্রকল্প ব্যবস্থাপনা: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রকল্পটি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করছেন একজন প্রকল্প পরিচালক যা ছিল তার অতিরিক্ত দায়িত্ব। তিনি ইউএনএফপিএ এর কারিগরিক সহায়তায় মাঠ পর্যায়ে জেন্ডার কর্মকর্তা ও জেন্ডার প্রোমোটার নিয়োগের মাধ্যমে মূল কার্যক্রম বাস্তবায়ন করা হয়।

১৮.০৬। উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যবেক্ষণ:



প্রকল্পের উদ্দেশ্য	উদ্দেশ্য বাস্তবায়ন অগ্রগতি	পর্যালোচনা
ক। মূল উদ্দেশ্য : প্রকল্পটি ১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরী এবং বালক-বালিকাকে দায়িত্বশীল, অহিংস, স্বাস্থ্যকর	প্রকল্পটি মাধ্যমে ১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরী এবং বালক-বালিকাকে দায়িত্বশীল, অহিংস, স্বাস্থ্যকর এবং সুখি হিসেবে গড়ে তুলতে সহযোগিতা করবে	প্রকল্পটি ১৫০টি ক্লাবের মাধ্যমে ১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরী এবং বালক-বালিকাকে বিভিন্ন গেইম, বোডার্ড গান, কম্পিউটার গেইম, রেডিও প্রোগ্রাম, হেল্পলাইন নম্বর ইত্যাদির মাধ্যমে

এবং সুখি হিসেবে গড়ে তুলতে সহযোগিতা করবে যাতে তারা ভ বিষ্যতে ভাল সংজ্ঞী এবং বাবা-মা হিসেবে লিঙ্গ ভিত্তিক ন্যায় আচরণ করেন এবং তা চর্চা করেন।	যাতে তারা ভ বিষ্যতে ভাল সংজ্ঞী এবং বাবা-মা হিসেবে লিঙ্গ ভিত্তিক ন্যায় আচরণ করেন এবং তা চর্চা করেন। এ লক্ষ্য ১৫০টি কিশোর-কিশোরী ক্লাব স্থাপনের মাধ্যমে ক্লাব সদস্যদের বিভিন্ন গেইম, বোডার্ড গান, কম্পিউটার গেইম এবং বই ইত্যাদির মাধ্যমে Gender-based violence (GBV) এবং Sexual and Reproductive Health and Rights (SRHR) বিষয় ধারণা প্রদার করা হয়েছে।	Gender-based violence (GBV) এবং Sexual and Reproductive Health and Rights (SRHR) বিষয় সচেতনতা ও ধারণা প্রদার করা হয়েছে। ফলে তাদের মাঝে দায়িত্বশীল, অহিংস, স্বাস্থ্যকর এবং সুখি হিসেবে গড়ে তুলতে সহযোগিতা করছে। যা তাদের কে ভবিষ্যতে ভাল সংজ্ঞী এবং বাবা-মা হিসেবে লিঙ্গ ভিত্তিক ন্যায় আচরণ করেন এবং তা চর্চা করতে সহায়ক হবে। এ ক্লাবের সদস্য কিশোর-কিশোরী বয়:সন্ধিকালীন স্বাস্থ্যৎ সেবা, পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা, বাল্য বিবাহ বিষয়গুলো সম্পর্কে এখন সচেতন। কিশোর-কিশোরীদের বন্ধুত্বপূর্ণ স্বাস্থ্য পরি সেবাগুলি স্বাস্থ্যসেবা সুবিধা এবং কল সেন্টার ভিত্তিক হেল্পলাইনের মাধ্যমে সরবরাহ করা হয়েছে। প্রকল্পের মাধ্যমে ১০৫ জন স্বাস্থ্যসেবা পরীক্ষার্থীকে এএফএইচএস প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যারা কিশোরীদের বন্ধুত্বপূর্ণ প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা তথ্য সরবরাহ করে ছে। ফলে কিশোর-কিশোরীদের মাধ্যে ইতেবাচক লিঙ্গ মনোভাব বৃদ্ধি পয়েছে। এবং বয়:সন্ধিকালের বিভিন্ন সমস্য সম্পর্কে তাদের মনোভার পরির্বতন বা বিকাশ ঘটেছে। বাংলাদেশের জনসংখ্যার ২২ ভাগ হচ্ছে কিশোর-কিশোরী এদের জীবন দক্ষতা বৃদ্ধি, জীবনমান উন্নয়ন, অধিকার প্রতিষ্ঠা এবং নারী পুরুষের বৈষম্যহীন পারস্পরিক শ্রদ্ধাবোধ, বন্ধুত্বপূর্ণ অবস্থান, ইতিবাচন দৃষ্টিভঙ্গি তৈরির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তার মাঠ পর্যায়ে সংস্থা কর্তৃক নিয়মিত কাজের অংশ হিসেবে রাজস্ব বাজেটের আওতায় এধরনের কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন।

প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর উদ্দেশ্য অনুযায়ী অর্জিত out come কে Sustainable করার জন্য রাজস্ব খাতের আওতায় "কিশোর-কিশোরী ক্লাব" নামে নতুন প্রকল্পে এই প্রকল্পের ক্লাবগুলো অন্তরভুক্ত করার বিষয় টিপিপিতে উল্লেখিত রয়েছে। পরিদর্শন কালে ক্লাস সদস্য কিশোর-কিশোরীদের সাথে আলোচনায় যানা যায় তারা এখন আর নিয়মিত ক্লাবে আসেন না। এবং সবগুলো ক্লাব বন্ধ হয়ে গেছে। যদিও ইতোমধ্যে "কিশোর-কিশোরী ক্লাব" প্রকল্পটি সারা দেশে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়েছে। তবে মাঠ পর্যায়ে এখনও কার্যক্রম বাস্তবায়ন আরম্ভ করা যায়নি।

১৮.৭। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পন্ন সংক্রান্ত : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "Generation Break-through" সমাপ্ত প্রকল্পটি ৭৮৯.৪৭ লক্ষ টাকা প্রাক্কলনে ১ সেপ্টেম্বর, ২০১৩ হতে ৩০ জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়। এ বাস্তবায়ন সময়ে Foreign Aided Project Audit Directorate (FAPAD) অডিট অনুযায়ী প্রতি ক্যালেন্ডার বছরে অডিটি কার্য সম্পন্ন করা হয়েছে।

১৯। প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র ও বর্ণনা:

Generation Break-through প্রকল্পের হাসনাহেনা কিশোর-কিশোরী ক্লাব পটুয়াখালির জেলার পরিত্যাক্ত ক্লাব।	হাসনাহেনা কিশোর-কিশোরী ক্লাব, পটুয়াখালী।
	
প্রকল্পের মাধ্যমে কিশোর-কিশোরীদের জন্য খেলার মাধ্যমে জানা উপকরণ বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা।	কিশোর-কিশোরীদের জন্য ক্লাবে সরবরাহকৃত বই।
	
হাসনাহেনা কিশোর-কিশোরী ক্লাবের সদস্যদের সাথে আলোচনা।	হাসনাহেনা কিশোর-কিশোরী ক্লাবের সদস্য ও জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,পটুয়াখালী।
	

২০। আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ পূর্বক মতামত/**সুপারিশ :**

২০.১ বাংলাদেশের জনসংখ্যার ২২ ভাগ হচ্ছে কিশোর-কিশোরী এদের জীবন দক্ষতা বৃদ্ধি, জীবনমান উন্নয়ন, অধিকার প্রতিষ্ঠা এবং নারী পুরুষের বৈষম্যহীন পারস্পরিক শ্রদ্ধাবোধ, বন্ধুত্বপূর্ণ অবস্থান, ইতিবাচন দৃষ্টিভঙ্গি তৈরির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তার মাঠ পর্যায়ে সংস্থা কর্তৃক নিয়মিত কাজের অংশ হিসেবে রাজস্ব বাজেটের আওতায় এ ধরনের কার্যক্রম পরিচালনা করা জন্য দৃষ্টি আকর্ষণ করা হলো;

২০.২ প্রকল্পটি পাইলট প্রকল্প, এ প্রকল্পের মাধ্যমে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে মাঠ পর্যায়ে প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন কৌশল কি হবে সে বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনাসহ সুস্পষ্ট নীতিমালা থাকা প্রয়োজন;

২০.৩ প্রকল্পটি উন্নয়ন সহযোগীর আর্থিক ও কারিগরি সহায়তায় বাস্তবায়ন করা হয়। কিন্তু বাস্তবায়নকালীন সময় দাতা সংস্থা কর্তৃক বছর ভিত্তিক বরাদ্দ অনুযায়ী অর্থের ব্যবস্থা না থাকায় কার্যক্রম বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে। প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের

লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/উদ্যোগী সংস্থা কে ভবিষ্যতে দাতা সংস্থার সাথে কার্যকরি যোগাযোগ ও সমন্বয় ব্যবস্থা শক্তিশালী করার বিষয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

২০.৪ প্রকল্পের Outcome কে Sustainable করার লক্ষ্যে প্রকল্প সমাপ্তি পরবর্তীকালে কার্যক্রম কিভাবে পরিচালনা করা হবে সে সংক্রান্ত Exit plan টিপিপি/ডিপিপি-তে সুনির্দিষ্ট গাইড লাইন থাকা বাঞ্চনিয়;

২০.৫ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১ ৫ (পনের) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

পঞ্চাশ শয্যা বিশিষ্ট মহিলা ও শিশু ডায়াবেটিস, এন্ডোক্রিন এবং মেটালিক হাসপাতাল স্থাপন, উত্তরা, ঢাকা

(১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত মার্চ-২০১৮)।

১। প্রকল্পের নাম: পঞ্চাশ শয্যা বিশিষ্ট মহিলা ও শিশু ডায়াবেটিস, এন্ডোক্রিন এবং মেটালিক হাসপাতাল স্থাপন, উত্তরা, ঢাকা (১ম সংশোধিত)।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি ও স্ব-অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: মহিলা বিষয়ক অধিদপ্তর এবং বাংলাদেশ ডায়াবেটিক সমিতি

৫। (ক) প্রকল্প ব্যয়: অনুমোদন ও বাস্তবায়ন সংক্রান্ত

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট (লক্ষ টাকায়)	জিওবি	প্র: সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২৩৯৯.৫৯	১৪৩৯.৭৫		৯৫৯.৮৪	জুলাই, ২০১৪ থেকে জুন-২০১৭	জুন, ২০১৪।		
১ম সংশোধীত	২৬৩৩.৬৩	১৫৭৯.৫৩		১০৫৪.১০	জুলাই,২০১৪ -ডিসেম্বর-২০১৭	নভেম্বর,২০১৬	৯.৭৫%	৬ মাস ১৬.৬৬%
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সংশোধন	২৬৩৩.৬৩	১৫৭৯.৫৩		১০৫৪.১০	জুলাই, ২০১৪ থেকে মার্চ-২০১৮			৯ মাস ২৫%
প্রকৃত ব্যয়	২৬০৭.৬৩	১৫৬০.৫৩		১০৪৭.১০				

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় হ্রাসের হার: ৯.৭৫%।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ৯ মাস বা ২৫%।

৬। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
ঢাকা	ঢাকা	উত্তরা	উত্তর সিটি কর্পোরেশন	

(৭) প্রকল্পের উদ্দেশ্য :

- ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণের মাধ্যমে মহিলা ও শিশু ডায়াবেটিক রোগীদের চিকিৎসা প্রদান;
- প্রকল্প এলাকায় মহিলা ও শিশু ডায়াবেটিক রোগীদের স্বাস্থ্যের উন্নতি সাধন;
- ৩০% দরিদ্র ও অসহায় রোগীদের বিনামূল্যে চিকিৎসা প্রদান।

৮| অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্র: নং	পিপিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমান	আর্থিক	বাস্তব পরিমান
১	২	৩	৪	৫	৬	৭
১	নির্মাণ	ব. মি.	১৮০৮.৪৮	১টি (২৯৯৭.০০ ব.মি.)	১৮০৮.৪৮	১টি (২৯৯৭.০০ ব.মি.
২	ভূমি	কাঠা	১৭০.০০	৮.৫০	১৭০.০০	৮.৫০
৩	মেডিকেল যন্ত্রপাতি	সংখ্যা	৪৬৮.০০	৬৩০	৪৬৮.০০	৬৩০
৪	অফিস ইকুইপমেন্ট	সংখ্যা	৩৫.০৫	৯১	৩৫.০৫	৯১
৫	ফার্নিচার	সংখ্যা	২৬.১০	৪৭২	২৬.১০	৪৭২
৬	ভ্যাট	-	১০০.০০	-	১০০.০০	-
৭	কনটিনজেন্সি	-	২৬.০০	-	-	-

৯| কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রযোজ্য নয়|

১০| মুল্যায়ন পদ্ধতি:

* প্রকল্পের ডিপিপি পর্যালোচনা :
* প্রকল্পের PCR পর্যালোচনা;
* কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
* প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ|

১১| প্রকল্পের জনবল নিয়োগ: বাংলদেশ ডায়াবেটিক সমিতির অঙ্গ প্রতিষ্ঠান ন্যাশনাল হেলথ কেয়ার নেটওয়ার্ক (এনএইচএন) এর নিজস্ব জনবল দ্বারা হাসপাতালটি পরিচালিত হচ্ছে|

১২| প্রকল্প এলাকা পরিদর্শন:

১২.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মোঃ রফিকুল আলম গত ০৮/০১/২০১৯ তারিখে প্রকল্পটির প্রকল্প স্থান পরিদর্শন করেন| পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীসহ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন| পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে|

১২.২ নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:

	
হাসপাতাল ভবনের চিত্র	হাসপাতালের আইসিইউ কেবিনের চিত্র
	
হাসপাতালের ওয়ার্ড ও সিটের চিত্র	অপারেশনের থিয়েটরের চিত্র

১৩| **প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:** পরিদর্শকালে জানা যায়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ প্রকল্প বাস্তবায়নের কাজ বিভিন্ন সময় পরিদর্শন করেছেন|

১৪.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
মোঃ গোলাম কিবরিয়া ভূঁইয়া	**পরিচালক (প্রকল্প ও উন্নয়ন) বাংলাদেশ ডায়াবেটিক সমিতি**	**২৪/০৮/২০১৪ থেকে মার্চ-২০১৮**	অতিরিক্ত	না	১ টি

১৫| প্রকল্পের ক্রয় কার্যক্রম:

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহ্বান, দরপত্র মুল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে|

ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ১১ টি।

খ. পন্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
পণ্য=৮ টি	**৪৬৮.০০-২৬/০২/১৭**	**৪৬৮.০০-১৮/০৮/১৭**	২০/১১/১৭	৩১/০৩/১৮	
কার্য=৩টি	**১০০৫.৪৩-১১/০৯/১৪**	**১০০৫.৪৩-২৬/০২/১৫**	**১১/০২/১৭**	**৩১/০৩/১৮**	

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পনা	অর্জন	পর্যবেক্ষণ
(ক) বাংলাদেশ ডায়াবেটিক সমিতির নিজস্ব জমিতে ৫০ শয্যা বিশিস্ট ২ টি বেসমেন্টসহ ৯ তলা ভবন নির্মাণ।	(ক) বাংলাদেশ ডায়াবেটিক সমিতির নিজস্ব জমিতে ৫০ শয্যা বিশিস্ট ২ টি বেসমেন্টসহ ৯ তলা ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে।	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, বাংলাদেশ ডায়াবেটিক সমিতির নিজস্ব জমিতে ৫০ শয্যা বিশিস্ট ২ টি বেসমেন্টসহ ৯ তলা ভবন নির্মাণ করা হয়েছে।
(খ) নির্মাণ কাজসহ মেডিকেল যন্ত্রপাতি, অফিস যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়।	(খ) নির্মাণ কাজসহ মেডিকেল যন্ত্রপাতি, অফিস যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করা হয়েছে।	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, নির্মাণ কাজসহ মেডিকেল ও অফিসে ব্যবহারের জন্য যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করা হয়েছে।
(গ) হাসপাতালে ৫০০ কেভিএ সাব-স্টেশন, ২০০ কেভিএ জেনারেটরসহ অন্যান্য বৈদ্যুতিক কাজ।	(M) হাসপাতালে ৫০০ কেভিএ সাব-স্টেশন, ২০০ কেভিএ জেনারেটরসহ অন্যান্য বৈদ্যুতিক কাজ সম্পন্ন হয়েছে।	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, হাসপাতালে ৫০০ কেভিএ সাব-স্টেশন, ২০০ কেভিএ জেনারেটরসহ অন্যান্য বৈদ্যুতিক কাজ বাস্তবায়িত হয়েছে।
(ঘ) প্রকল্প এলাকায় মহিলা ও শিশু ডায়াবেটিক রোগীদের স্বাস্থ্যের উন্নতি সাধন।	(N) প্রকল্প এলাকায় মহিলা ও শিশু ডায়াবেটিক রোগীদের স্বাস্থ্যের উন্নতি সাধ.b ভূমিকা রাখছে।	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, প্রকল্পের আওতায় মহিলা ও শিশু ডায়াবেটিক রোগীদের স্বাস্থ্যের উন্নতি হচ্ছে।
(ঙ) ৩০% দরিদ্র ও অসহায় রোগীদের বিনামূল্যে চিকিৎসা প্রদান।	(O) ৩০% দরিদ্র ও অসহায় রোগীদের বিনামূল্যে চিকিৎসা প্রদান করা হচ্ছে।	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, ৩০% দরিদ্র ও অসহায় রোগীদের বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে।

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ: প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৮.০ বাস্তবায়ন পর্যবেক্ষণ:

১৮.১। Time and Cost Overrun: প্রকল্পটির মূল ডিপিপি ২৩৯৯.৫৯ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই, ২০১৪ থেকে জুন-২০১৭ ইং পর্যন্ত মেয়াদের জন্য গত ২৬/০৬/২০১৪ তারিখে অনুমোদিত হয়। ১ম সংশোধনীর মাধ্যমে ২৬৩৩.৬৩ লক্ষ টাকা প্রাক্কলনে জুন, ২০১৪ থেকে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত মেয়াদ নির্ধারণ করা হয়। অর্থাৎ ১ম সংশোধণীর মাধ্যমে প্রাক্কলন বেড়েছে ২৩৪.০৪ লক্ষ টাক বা ৯.৭৫% এবং মেয়াদ বেড়েছে ৬ মাস বা ১৬.৬৬%। ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে সংশোধনের মাধ্যমে মেয়াদ নির্ধারণ করা হয় জুলাই ২০১৪ থেকে মার্চ, ২০১৮, অর্থাৎ মেয়াদ বৃদ্ধি পায় ৯ মাস বা ২৫%। নির্ধারিত প্রাক্কলন এবং মেয়াদের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন হয়নি, প্রাক্কলন ও মেয়াদ উভয়ই বৃদ্ধি পেয়েছে।

১৮.২। প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা: প্রকল্পের ডিপিপি ও আরডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্য ক্রয়ের জন্য ১০ টি প্যাকেজ, কার্জের জন্য ১ টি প্যাকেজ মোট (১০+১) =১১ টি প্যাকেজ রয়েছে। ১১ টি প্যাকেজের মধ্যে ১১ টি প্যাকেজের দরপত্র আহ্বান করে কার্যক্রম সমাপ্ত হয়েছে যা নিম্নরুপ:

প্যাকেজ	প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ			বিলম্বের কারণ
		আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	আরডিপিপি অনুযায়ী	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
Go1-10	পণ্য	**০৭/০৭/১৬**	**২৬/২/১৭**	**৯/১০/১৬**	**১৮/৮/১৭**	**৩১/৫/১৭**	**২০/১১/১৭**	**৩১/০৩/১৮**	
Wd1	কার্য	**১/১০/২০১৪**	**১১/৯/১৪**	**১/১/২০১৫**	**২৬/২/১৫**	**৩১/৩/১৭**	**১১/০২/১৭**	**৩১/০৩/১৮**	

উপরোক্ত ছকের বর্ণনা অনুযায়ী দেখা যায় , এই প্রকল্পের পণ্য ক্রয় কার্যক্রম চুক্তি মেয়াদের চেয়ে ৪ মাস বেশি লেগেছে এবং ভৌতকার্যের ক্রয় কার্যক্রম চুক্তি মেয়াদের চেয়ে ১ বছর ১ মাস বেশি লেগেছে। ক্রয়কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শেষ না করার কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৮.৩| প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত: প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির নিজস্ব জমিতে ২ টি বেসমেন্টসহ ৯ তলা ভবন নির্মাণ করে ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন করা হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুযায়ী নির্মাণ কাজের পুরো দায়িত্বে ছিল মিরপুর গণপূর্ত বিভাগ। নির্মাণকালীন নির্মাণসামগ্রী এবং নির্মাণকাজ ল্যাব টেস্ট করে গুণগতমান যাচাই করা হয়েছে বলে গণপূর্ত বিভাগের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী জানান। বাহ্যিকভাবে নির্মাণকাজ ভাল হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৮.৪| ফ্লোর স্পেস ব্যবহার : ২টি বেসমেন্টসহ ৯ তলা ভবনরের প্রতিটি ফ্লোরের আয়তন ১৮০০ স্কয়ার ফিট। উক্ত ভবনের নিম্নরুপভাবে ফ্লোর স্পেস ব্যবহৃত হচ্ছে:

- ২য় বেসমেন্টঃ ১৭টি গাড়ী রাখার ব্যবস্থা, ড্রাইভার রুম ও ওয়াটার রিজার্ভার।
- ১ম বেসমেন্টঃ ০৮ টি গাড়ী রাখার ব্যবস্থা, পাম্পরুম ও গ্যাস স্টোরেজ রুম।
- ১ম তলা: এ্যাডমিন, বিল সেকশন, রিপোর্ট সেকশন ও ওয়েটিং রুম।
- ২য় তলা: ডক্টরস রুম, ওপিডি ও ওয়েটিং রুম।
- ৩য় তলা: ডায়াগোনেস্টিক, ল্যাবরেটরী, ভেনি পাঞ্চার, ইকো, ইসিজি ও এক্স-রে রুম।
- ৪র্থ তলা: ওটি ও পোষ্ট অপারেটিভ রুম।
- ৫ম তলা: পেশেন্ট ওয়ার্ড, ডক্টরস ও নার্সেস রুম।
- ৬ষ্ঠ তলা: ৮ টি কেবিন, ডক্টরস ও নার্সেস রুম।
- ৭ম তলা: ক্যাফেটেরিয়া, অফিস ও সভাকক্ষ।

১৮.৫| নির্মাণাধীন হাসপাতালে রোগীদের বেড: প্রকল্পের মাধ্যমে ডায়াবেটিক সমিতির জন্য ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায়, রোগীদের জন্য যে বেডগুলো কেনা হয়েছে তা সাধারণমানের। নির্মিত হাসপাতালটিতে স্থাপিত বিভিন্ন মেডিকেল যন্ত্রপাতিগুলো অত্যাধুনিক এবং ব্যবস্থাপনাও খুব ভাল। এমন একটি হাসপাতালে সাধারণমানের বেড মানানসই নয় বা রোগীদের জন্য উপযুক্ত নয়।

১৮.৬| প্রকল্পের নির্মানকাজের গুনগত মান: প্রকল্পটির মাধ্যমে ২টি বেইজমেন্টসহ ৯ম তলা পর্যন্ত ভবন নির্মাণ করা হয়। নির্মাণ সামগ্রী টেষ্ট রিপোর্ট সমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। সর্বোপরি, বাহ্যিকভাবে প্রকল্পের নির্মাণ কাজের গুনগতমান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৮.৭| অডিট নিষ্পত্তি সংক্রান্ত: পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পটিতে একটি এক্সটার্নাল অডিট হয়েছে, কিন্তু পরিদর্শন তারিখ ০৮/০১/২০১৯ পর্যন্ত কোন অডিট রিপোর্ট উপস্থাপিত হয়নি। প্রকল্প পরিচালক জানান , মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অডিট টিম প্রকল্পের কাজ অডিট করেছেন এবং প্রয়োজনীয় রেকর্ডপত্র সরবরাহ করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত অডিট বিষয়ে কোন রিপোর্ট প্রেরণ করা হয়নি। জরুরী ভিত্তিতে প্রকল্পের কার্যক্রমের অডিট সম্পন্ন করা প্রয়োজন।

১৮.৮| প্রকল্পের উদ্দেশ্য অর্জন: প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণের মাধ্যমে মহিলা ও শিশু ডায়াবেটিক রোগীদের চিকিৎসা প্রদান করা। প্রকল্পের মাধ্যমে ২টি বেইজমেন্টসহ ৯ম তলা ভবন নির্মাণ করে ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ও যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। প্রকল্পের এইসব কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৮.৯| প্রকল্প পরিচালক নিয়োগের বৈধতা: এ প্রকল্পটি নেওয়া হয়েছে BADAS কর্তৃক পরিচালনার জন্য ৫০ শয্যা বিশিষ্ট মহিলা ও শিশু ডায়াবেটিক রোগীদের হাসপাতাল নির্মাণের জন্য যা BADAS কর্তৃক পরিচালিত হবে। এই প্রকল্পে মোট প্রাক্কলন ছিল ২৬৩৩.৬৩ লক্ষ টাকা। এর মধ্যে জিওবি'র অর্থায়ন ছিল ১৫৭৯.৫৩ লক্ষ টাকা এবং সংস্থার স্ব -অর্থায়ন ছিল ১০৫৪.১০ লক্ষ টাকা। বিধি অনুযায়ী জিওবি অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের প্রকল্প পরিচালক সরকারী কর্মকর্তা হয়ে থাকে। কিন্তু এ প্রকল্পে প্রকল্প পরিচালক হয়েছেন BADAS এর একজন কর্মকর্তা। BADAS সরকারের কোন বিধিবদ্ধ সংস্থা নয় , একারণে ঐ সংস্থার কোন জনবল প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করতে হলে অর্থ মন্ত্রণালয় হতে সম্মতি নিতে হয়। কিন্তু এ প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় হতে কোন সম্মতি নেওয়া হয়নি।

১৮.১০| সম্পদ রেজিষ্টার সংরক্ষণ : এ প্রকল্প বাস্তবায়নের জন্য জেনারেটর এবং আসবাবপত্র অত্র হাসপাতালের সংরক্ষিত ষ্টোরে সংরক্ষিত রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়েছে।

১৯| <u>সুপারিশ/মতামত</u> :

১৯.১। প্রকল্পটি নির্দিষ্ট মেয়াদ ও প্রাক্কলিত ব্যয়ে শেষ হয়নি , সময় বেশি লেগেছে ৯ বা ২৫ % এবং প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ২৩৪ .০৪ লক্ষ টাকা বা ৯.৭৫%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে বাস্তবায়নের জন্য দৃষ্টি আকর্ষণ করা হল।

১৯.২। জিওবি অর্থে গৃহীত বেসরকারী সংস্থার প্রকল্পের প্রকল্প পরিচালক (বেসরকারী সংস্থার হলে) নিয়োগে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি নিতে হয়। এ প্রকল্পে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি না নিয়ে বেসরকারী সংস্থার জনবলকে প্রকল্প পরিচালকের দায়িত্ব দেওয়া হয়েছিল। পরবর্তী কোন প্রকল্পের ক্ষেত্রে জিওবি অর্থ সংশ্লিষ্ট থাকলে বেসরকারী সংস্থার জনবলকে প্রকল্প পরিচালক নিয়োগের সময় অর্থ মন্ত্রণালয়ের সম্মতি নিতে হবে।

১৯.৩। এ প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত মহিলা ও শিশু ডায়াবেটিস হাসপাতালের রোগীর বেডগুলো সাধারণমানের বা যথাযথ মানসম্মত হয়নি। পরবর্তীতে মানসম্মত বেড প্রতি স্থাপন করা যায় কিনা সে বিষয়ে দৃষ্টি আকর্ষন করা হল।

১৯.৪। এই প্রকল্পের পণ্য ক্রয় কার্যক্রম চুক্তি মেয়াদের চেয়ে ৪ মাস বেশি লেগেছে এবং ভৌতকার্যের ক্রয় কার্যক্রম চুক্তি মেয়াদের চেয়ে ১ বছর ১ মাস বেশি লেগেছে। ক্রয়কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শেষ না করার কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি হয়েছে বলে প্রতীয়মান হয়।
মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে ক্রয়কার্যক্রম ডিপিপি/টিএপিপি'র নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য দৃষ্টি আকর্ষণ করা হল।

১৯.৫। জুলাই, ২০১৪ থেকে মার্চ, ২০১৮ পর্যন্ত প্রকল্প সময়ের এক্সটার্নাল অডিট হয়েছে , কিন্তু কোন রিপোর্ট উপস্থাপিত হয়নি । জরুরী ভিত্তিতে অডিট রিপোর্ট আনয়নের ব্যবস্থা করে কোন আপত্তি থাকলে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে।

১৯.৬। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একু শ) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

"ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন নার্সেস হোস্টেল স্থাপন" শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন

(সমাপ্ত-জুন-২০১৮)।

১। প্রকল্পের নাম: "ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন নার্সেস হোস্টেল স্থাপন"।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি ও স্ব-অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: মহিলা বিষয়ক অধিদপ্তর এবং ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ।

৫। (ক) প্রকল্প ব্যয়: বাস্তবায়ন ও অনুমোদন সংক্রান্ত

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট (লক্ষ টাকায়)	জিওবি	প্র: সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২১০২.৩৪	১২৫৮.৪০	৮৪৩.৯৪	-	জুলাই- ২০১৫ হতে জুন-২০১৮ ইং	০৫-১১-২০১৫ ইং	-	-
প্রকৃত ব্যয়	১৫১৬.৫২	৮৯২.০০	৬২৪.৫২	-	জুলাই- ২০১৫ হতে জুন-২০১৮ ইং	০৫-১১-২০১৫ ইং	২৭.৮৬%	-

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় হ্রাসের হার: ২৭.৮৬%।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার**:** প্রযোজ্য নয়।

৬| প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
ঢাকা	ঢাকা	মিরপুর	উত্তর সিটি কর্পোরেশন	

(৭) প্রকল্পের উদ্দেশ্য :

(ক) ২০০ নার্সের জন্য আবাসনের সুযোগ সৃষ্টি করা;

(খ) শিশু ও মহিলা হৃদরোগীদের জন্য উন্নত চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা করা;

(গ) সুন্দর পরিবেশে নার্সদের থাকা ও কাজের পরিবেশ সৃষ্টি করা।

৮| প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্র: নং	**পিপিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম**	**একক**	**অনুমোদিত লক্ষ্যমাত্রা**		**প্রকৃত বাস্তবায়ন**	
			আর্থিক	**বাস্তব পরিমান**	**আর্থিক**	**বাস্তব পরিমান**
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**
ক.	নির্মাণ ও পূর্ত	**ব:মি:**	**১৫৯১.৫০**	**৫৬৫২ ব: মি:**	**১২৪১.০০**	**৫৬৫২ ব: মি:**

	জেনারেটর	**সংখ্যা**	**৩৮৫.৩২**	**০১ টি**	**১৫০.০০**	**০১ টি**
	আসবাবপত্র	**সংখ্যা**	**১২০.৫২**	**১৪৩৫ টি**	**১২০.৫২**	**১৪৩৫ টি**
	বিবিধ	**এলএস**	**৫.০০**	**এলএস**	**৫.০০**	**এলএস**
	মোট		**২১০২.৩৪**	-	**১৫১৬.৫২**	-

৯| কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: এ প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নাই|

১০| মুল্যায়ন পদ্ধতি: প্রকল্পটির সমাপ্তি মুল্যায়ন প্রতিবেদন প্রনয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে|

*** প্রকল্পের ডিপিপি পর্যালোচনা :**

*** প্রকল্পের PCR পর্যালোচনা;**

*** কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;**

*** প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ|**

১১| প্রকল্পের জনবল নিয়োগ: ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের নিজস্ব জনবল দ্বারা নার্সেস হোষ্টেল পরিচালিত হবে|

১২| **প্রকল্প এলাকা পরিদর্শন:**

১২.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মোঃ রফিকুল আলম গত ২০/১০/২০১৮ তারিখে প্রকল্পটির প্রকল্প স্থান পরিদর্শন করা হয়| পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীসহ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন| পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে|

১২.২ <u>নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:</u>



ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের চিত্র



প্রকল্পে স্থাপিত জেনারেটরের চিত্র



প্রকল্পটির নাম ফলকের দৃশ্য



আবাসিক হোষ্টেলে নির্মিত কক্ষের চিত্র

১৩| প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম: পরিদর্শনকালে জনা যায় যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায় পরিদর্শন করেছেন|

১৪.০ <u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:</u>

প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
মোঃ আব্দুস সোবহান ভুইয়া	প্রকল্প পরিচালক ও পরিচালক (পরিকল্পনা উন্নয়ন)	১৩/১২/২০১৫ ইং হতে সমাপ্ত পর্যন্ত	অতিরিক্ত	না	০১টি

১৫| <u>প্রকল্পের ক্রয় কার্যক্রম:</u>

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহ্বান, দরপত্র মুল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে| ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ০৩ টি।

খ. পন্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
০১ নির্মাণ ও পূর্ত	২৭/১২/১৫ ইং ১৫৯১.৫০ লক্ষ টাকা।	১২.০৪.১৬ ইং ১২৪৮.০৯ লক্ষ টাকা	**৩০.০৬.২০১৮ ইং**	**৩০.০৬.২০১৮ ইং**	**প্রযোজ্য নয়|**
০২ জেনারেটর.	২৩/১১/২০১৭ ইং ৩৮৫.৩২ লক্ষ টাকা	২৫.১১.১৭ ইং ১৫০.০০ লক্ষ টাকা	**৩০.০৬.২০১৮ ইং**	**৩০.০৬.২০১৮ ইং**	
০৩ আসবাবপত্র.	**১৩/০৬/১৮ ইং** **১২০.৫২ লক্ষ টাকা**	১৪.০৬.১৮ ইং ১২০.৫২ লক্ষ টাকা	**৩০.০৬.২০১৮ ইং**	**৩০.০৬.২০১৮ ইং**	

১৬. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন	পর্যবেক্ষণ
(ক) ৯ম তলা হতে ১২ তলা উর্ধ্বমূখী সম্প্রসারণ কাজ	২০০ নার্সের জন্য আবাসনের ভবন নির্মাণ	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, ৯ম তলা হতে ১২ তলা পর্যন্ত ২০০ নার্সের আবাসনের ব্যবস্থা করা হয়েছে।
(খ) ১০০০ কেভিএ জেনারেটর ক্রয় করা	১০০০ কেভিএ ০১ টি জেনারেটর ক্রয় করা হয়েছে।	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, জেনারেটরটি ভবনের বেসমেন্টে স্থাপন করা হয়েছে।
(গ) নার্সেস হোষ্টেলের জন্য আসবাবপত্র ক্রয়	নার্সেস হোষ্টেলের জন্য আসবাবপত্র ক্রয় করা হয়েছে|	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, নার্সদের জন্য ০৪ টি ফ্লোরের জন্য ফার্নিচার ক্রয় ও স্থাপন করা হয়েছে।
(ঘ) সুন্দর পরিবেশে নার্সদের থাকা ও কাজের পরিবেশ সৃষ্টি করা;	সুন্দর পরিবেশে নার্সদের থাকা ও কাজের পরিবেশ সৃষ্টি হয়েছে	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, সুন্দর পরিবেশে নার্সদের থাকার ব্যবস্থা করা হয়েছে।
(ঙ) শিশু ও মহিলা হৃদরোগীদের জন্য উন্নত চিকিৎসা সেবা প্রদানে ভূমিকা রাখবে|	শিশু ও মহিলা হৃদরোগীদের জন্য উন্নত চিকিৎসা সেবা প্রদানে ভূমিকা রাখা।	সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, শিশু ও মহিলা হৃদরোগীদের উন্নত চিকিৎসা সেবা প্রদানে ভূমিকা রাখছে।

১৭| উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ: প্রকল্পের উদ্যেশ্য ১০০% অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

১৮| বাস্তবায়ন পর্যবেক্ষণ :

১৮.১| Time and Cost Overrun: প্রকল্পটির মূল ডিপিপি ২১০২ .৩৪ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই -২০১৫ ইং হতে জুন -২০১৮ ইং পর্যন্ত মেয়াদের জন্য গত ০৫/১১/২০১৫ ইং তারিখে অনুমোদিত হয়েছিল। প্রকল্পটি যথাসময় ও নির্দিষ্ট ব্যয়ে কাজ সম্পন্ন হওয়ায় নির্মাণ ব্যয় হ্রাস পায়।

১৮.২| প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত : ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, দারুস সালামে স্থাপিত ভবনটির ১৫ তলা ফাউন্ডেশন দেয়া আছে। উক্ত ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ ৯ম তলা হতে ১২ তলা পর্যন্ত নার্সেস হোষ্টেল স্থাপন প্রকল্পটি গ্রহণ করা হয় এবং বর্তমানে ৯ম তলা হতে ১২ তলা পর্যন্ত ভবনের নির্মাণ কাজ শেষ হওয়ায় ২০০ নার্সের আবাসন ব্যবস্থা হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুযায়ী নির্মাণ কাজের পুরো দায়িত্বে ছিল মিরপুর গণপূর্ত বিভাগ।

১৮.৩| ফ্লোর স্পেস ব্যবহার : প্রকল্পের মাধ্যমে ১৫০০০ বর্গফুটের ৪ টি ফ্লোর নির্মাণ করা হয়েছে (৯ থেকে ১২ তলা)| প্রতিটি ফ্লোরের ১৫০০০ বর্গফুট হিসেবে ৪ টি ফ্লোরের আয়তন (১৫০০০×৪)= ৬০,০০০ বর্গফুট। প্রতিটি ফ্লোরে ৪ বেডের ৮ টি, ৬ বেডের ২ টি, ৩ বেডের ৪ টি, এবং ২ বেডের ২ টি সর্বমোট ১৬ টি ডরমিটরি কক্ষ রয়েছে। ১৬ টি আবাসিক কক্ষের জন্য ৪৬৭০ বর্গফুট ব্যবহৃত হয়েছে। এছাড়া প্রতিটি ফ্লোরে বাথরুম ১৬ টি , গোসলখানা ৬ টি, স্টোর রুম ১ টি এবং রিডিং রুম ১ টি রয়েছে। বাথরুম , গোসলখানা, স্টোর রুম এবং রিডিং রুমের জন্য মোট ৮৪০ বর্গফুট জায়গা ব্যবহৃত হয়েছে। এখানে উল্লেখ্য যে, একটি ফ্লোরের প্লিন্থ এরিয়া ১৫০০০ বর্গফুট। প্রতিটি ফ্লোরে হোস্টেল কক্ষ , বাথরুম, গোসলখানা, স্টোর রুম এবং রিডিং রুমের জন্য ৫৫১০ বর্গফুট ব্যবহৃত হয়েছে এবং অবশিষ্ট ৯৪৯০ বর্গফুট ওপেন স্পেস হিসেবে রয়েছে। ফ্লোর স্পেস ব্যবহারের ক্ষেত্রে যথাযথ গুরুত্ব দেওয়া হয়নি কারণ ১৫০০০ বর্গফুটের প্রতিটি ফ্লোরে ৫৫১০ বর্গফূট হোস্টেল কক্ষ ও বাথরুমসহ অন্যান্য রুমের জন্য ব্যবহার করা হয়েছে এবং খোলা রাখা হয়েছে ৯৪৯০ বর্গফুট। প্রতিটি ফ্লোরে আরো ১০ -১৫ টি হোস্টেল কক্ষ বাড়ানো যেতো। আর সেটি করা হলে ৪ টি ফ্লোরের জায়গায় ৩ টি ফ্লোরেই নার্স হোস্টেলের সংকুলান হতো এবং অতিরিক্ত ১ টি ফ্লোর হাসপাতালের জন্য ব্যবহার করা যেত।

১৮.৪| প্রকল্পের নির্মানকাজের গুনগত মান : প্রকল্পটির উর্ধ্বমূখী সম্প্রসারণ ৯ম তলা হতে ১২ তলা পর্যন্ত ব্যবহৃত নির্মাণ সামগ্রী টেষ্ট রিপোর্ট সমূহ পরিদর্শনকালে পরিদর্শন করা হয়েছে। সর্বোপরি, বাহ্যিকভাবে প্রকল্পের নির্মাণ কাজের গুনগতমান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৮.৫| অডিট নিষ্পত্তি সংক্রান্ত: পিসিআর এ অডিট বিষয়ে কোন উল্লেখ নেই, শুধু বলা হয়েছে গণপূর্ত অধিদপ্তর প্রকল্পটি বাস্তবায়ন করেছে বিধায় অডিট কার্যক্রম গণপূর্ত অধিদপ্তরই মোকাবেলা করবে। গণপূর্ত অধিদপ্তরের কাছ থেকে অডিট বিষয়ে জানা যায় প্রকল্পের পুরো মেয়াদের অডিট সম্পন্ন হয়েছে, কোন আপত্তি নেই।

১৮.৬| প্রকল্পের উদ্দেশ্য অর্জন: প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল ২০০ নার্সের জন্য আবাসনের জন্য ভবন নির্মাণ করা। ভবনের সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থার জন্য জেনারেটর ক্রয় করা এবং নার্সদের আবাসনের জন্য ফার্নিচার ক্রয় করা হয়েছে। প্রকল্পের এইসব কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা হয়েছে।

১৮.৭| প্রকল্প পরিচালক নিয়োগের বৈধতা: এ প্রকল্পটি নেওয়া হয়েছে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন এর বিদ্যমান ভবনের ৯ থেকে ১২ তলা পর্যন্ত ৪ টি ফ্লোরে নার্সিং হোস্টেল নির্মানের জন্য। এই প্রকল্পে মোট প্রাক্কলন ছিল ২১০২ .৩৪ লক্ষ টাকা। এর মধ্যে জিওবি 'র অর্থায়ন ছিল ১২৫৮ .৪০ লক্ষ টাকা এবং স্ব-অর্থায়ন ৮৪৩.৯৪ লক্ষ টাকা। বিধি অনুযায়ী জিওবি অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের প্রকল্প পরিচালক সরকারী কর্মকর্তা হয়ে থাকে। কিন্তু এ প্রকল্পে প্রকল্প পরিচালক হয়েছেন ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের একজন কর্মকর্তা। ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন সরকারের কোন বিধিবদ্ধ সংস্থা নয় , একারণে ঐ সংস্থার কোন জনবল প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করতে হলে অর্থ মন্ত্রণালয় হতে সম্মতি নিতে হয়। কিন্তু এ প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় হতে কোন সম্মতি নেওয়া হয়নি।

১৮.৮| সম্পদ রেজিষ্টার সংরক্ষণ : এ প্রকল্প বাস্তবায়নের জন্য জেনারেটর এবং আসবাবপত্র অত্র হাসপাতালের সংরক্ষিত ষ্টোরে সংরক্ষিত রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়েছে।

১৯| <u>সুপারিশ/মতামত</u> :

১৯.১ প্রকল্পটি মূল প্রকল্পের নির্দিষ্ট মেয়াদে ও প্রাক্কলিত ব্যয়ের চেয়ে কম খরচে বাস্তবায়ন করা হয়েছে।

১৯.২ জিওবি অর্থে গৃহীত বেসরকারী সংস্থার প্রকল্পের প্রকল্প পরিচালক (বেসরকারী সংস্থার হলে) নিয়োগে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি নিতে হয়। এ প্রকল্পে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি না নিয়ে বেসরকারী সংস্থার জনবলকে প্রকল্প পরিচালকের দায়িত্ব দেওয়া হয়েছিল। পরবর্তী কোন প্রকল্পের ক্ষেত্রে জিওবি অর্থ সংশ্লিষ্ট থাকলে বেসরকারী সংস্থার জনবলকে প্রকল্প পরিচালক নিয়োগের সময় অর্থ মন্ত্রণালয়ের সম্মতি নিতে হবে।

১৯.৩ এ প্রকল্পের মাধ্যমে নির্মিত ৪ টি ফ্লোরের প্রতিটি ফ্লোর ১৫০০০ বর্গফুটের। এর মধ্যে ৫৫১০ বর্গফুট হোস্টেল কক্ষ , বাথরুম, রিডিং রুম এবং স্টোর রুমের জন্য ব্যবহৃত হয়েছে এবং ৯৪৯০ বর্গফুট খোলা রাখা হয়েছে। এতে প্রতীয়মান হয় , প্রতিটি ফ্লোর স্পেস যথাযথভাবে ব্যবহৃত হয়নি অর্থাৎ প্রতিটি ফ্লোরে ১০ -১৫ টি হোস্টেল কক্ষ বাড়ানো যেত। বাস্তবায়নকারী সংস্থা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ফ্লোরের স্পেস ব্যবহারের বিষয়ে যথাযথ ব্যবস্থা নিবেন।

১৯.৪ অডিট বিষয়ে কোন তথ্য না থাকায় পিসিআরটি অসম্পূর্ন রয়েছে। অডিট সম্পর্কে পিসিআর এ তথ্য না থাকার বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হল।

১৯.৫ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একু শ) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।